লেকচার সিরিজের
SURE SUCCESS

Short সিলেবাসে

HSC সৃজনশীল

# সেইভ ইজি টু টেস্ট পেপারস

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

প্রথম পত্র

বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

# ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ সিমেন্স লি. নেটওয়ার্ক সরঞ্জাম ব্যবসায়ের সাথে জড়িত একটি বহুজাতিক কোম্পানি। বর্তমানে কোম্পানিটির ঋণ ও শেয়ার মূলধনের পরিমাণ সমান। নতুন প্রকল্পের প্রয়োজনীয় অর্থসংস্থানের জন্য কোম্পানিটি সমপরিমাণ ঋণ ও শেয়ার ইস্যু করতে চায়। বর্তমানে কোম্পানিটি ১০ কোটি টাকা করপরবর্তী মুনাফা অর্জন করেছে এবং শেয়ারহোল্ডারদের নিট মুনাফার ১০০% লভ্যাংশ প্রদান করেছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. স্বল্পমেয়াদি সম্পদ ব্যবস্থাপনা বলতে কী বোঝ? ২

গ. কোম্পানিটি নিট মুনাফার ১০০% লভ্যাংশ প্রদান করায় কোম্পানিটির কী কী সমস্যা হতে পারে তা অর্থায়ন কার্যাবলির আলোকে উল্লেখ কর। ৩

ঘ. প্রয়োজনীয় অর্থসংস্থানে কোম্পানিটির সমপরিমাণ ঋণ ও শেয়ার ইস্যুর সিদ্ধান্তের তুলনামূলক সুবিধা ও অসুবিধা বিশ্লেষণ কর। ৪

২▶ 'M' লি. এবং 'N' লি. দুটি চামড়া প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান। 'M' লি. কাঁচা চামড়া ক্রয় করে তা প্রক্রিয়াজাত করে বিক্রি করে। পক্ষান্তরে, 'N' লি. চামড়ার পাশাপাশি জুতা, ব্যাগ ইত্যাদি তৈরি পণ্য উৎপাদন ও বিক্রয় করে। 'M' লি. প্রায়ই চলতি মূলধন সংকটে পড়ে এবং ব্যাংক হতে ঋণ গ্রহণ করে। পক্ষান্তরে 'N' লি. কে এ ধরনের সমস্যায় পড়তে হয় না।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. 'M' লি. প্রায়ই চলতি মূলধন সংকটে পড়ে কেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'N' লি. কেন চলতি মূলধন সংকটে পড়ে না? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩▶ সাদমান একটি মোটরসাইকেল কিনতে শোরুমে গেলে, শোরুম ম্যানেজার তাকে দুটি প্রস্তাব দেয়। প্রথমটি হলো মোটরসাইকেলের মূল্য ১,৫০,০০০ টাকা নগদে পরিশোধ। দ্বিতীয়টি হলো ২৫% ডাউন পেমেন্ট পরিশোধ করে বাকি টাকা ৩০০০ করে সমান মাসিক কিস্তিতে আগামী ৫ বছরে পরিশোধ করা। সাদমানের প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. নামিক সুদের হার কী? ১

খ. ভবিষ্যৎ অপেক্ষা বর্তমানে নগদ টাকার মূল্য কেন বেশি? ২

গ. উদ্দীপকে উল্লিখিত মাসিক কিস্তির বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. সাদমানের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? অর্থের সময়মূল্যের ধারণার আলোকে বিশ্লেষণ কর। ৪

৪▶ জনাব ইলহাম অবসর গ্রহণের পর পেনশন বাবদ এককালীন ৫,০০,০০০ টাকা পেলেন। এই টাকা বিনিয়োগের দুটি বিকল্প নিয়ে তিনি বিবেচনা করছেন। প্রথমটি পেনশনার সঞ্চয়পত্র যা হতে তিনি প্রতি তিন মাস অন্তর ১৩,৭৫০ টাকা করে মুনাফা পাবেন এবং তিন বছর পর আসল ফেরত পাবেন। দ্বিতীয়টি হলো 'বি.সি' ব্যাংক হতে তিনবছর পর এককালীন ৬,২০,০০০ টাকা ফেরত পাবেন। ইলহামের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. বাট্টাকরণ কী? ১

খ. প্রকৃত সুদের হারের ওপর চক্রবৃদ্ধিকরণের প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. সঞ্চয়পত্র হতে প্রাপ্ত মুনাফার বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. বিকল্প দুটির মধ্যে কোন বিকল্পটি জনাব ইলহামের জন্য লাভজনক? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫▶ জনাব সোলাইমান প্রতিমাসের শুরুতে ১০,০০০ টাকা করে 'বিনিয়োগ সমৃদ্ধি' ব্যাংকে ১২% সুদে ৮ বছরের জন্য অর্থ বিনিয়োগ করেন। পক্ষান্তরে, তার সহকর্মী জনাব সাব্বির ১০% সুদে স্বপ্ন ব্যাংকে ১০,০০,০০০ টাকা ৮ বছরের জন্য জমা রাখেন।

ক. চক্রবৃদ্ধিকরণ কী? ১

খ. "চক্রবৃদ্ধি সুদ, সরল সুদ অপেক্ষা অধিক পছন্দনীয়।"– ব্যাখ্যা কর। ২

গ. জনাব সোলাইমান ৮ বছর পর কত টাকা পাবেন? ৩

ঘ. ৮ বছর পর কে বেশি অর্থ পাবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬▶ জনাব শরীফ একজন অবসরপ্রাপ্ত কর্মকর্তা। তিনি ৫,০০০ টাকা অভিহিত মূল্যের ৫ বছর মেয়াদি ৮% কুপন বন্ডে ১০,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। জনাব শরীফের প্রত্যাশিত আয়ের হার ১০%। বন্ডের বর্তমান বাজারমূল্য ৪,৫০০ টাকা।

ক. শূন্য কুপন বন্ড কী? ১

খ. প্রত্যাশিত আয়ের হার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বন্ডটির বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. মেয়াদপূর্তিতে আয়ের হার বিবেচনায় জনাব শরীফের বন্ডে বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৭▶ জনাব হাফিজ বন্ডে বিনিয়োগের উদ্দেশ্যে নিম্নোক্ত বন্ড দুটি সম্পর্কিত তথ্য সংগ্রহ করেন।

| বিবরণ | 'T' কোম্পানি | 'K' কোম্পানি |
|---|---|---|
| লিখিত মূল্য | ১,০০০ | ২,০০০ |
| বাজারমূল্য | ৭০০ | ১,০০০ |
| মেয়াদ | – | ৫ বছর |
| কুপন সুদের হার | ১২% | – |
| প্রত্যাশিত আয়ের হার | ১৫% | ১০% |

ক. ট্রেজারি বন্ড কী? ১

খ. অগ্রাধিকার শেয়ারকে কেন শংকরজাতীয় সিকিউরিটি বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'K' কোম্পানি বন্ডটির বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উল্লিখিত বন্ড দুটির মধ্যে কোন বন্ডটিতে বিনিয়োগ করা অধিক যুক্তিযুক্ত বলে মনে কর? কারণসহ ব্যাখ্যা কর। ৪

৮▶ নিউলাইন লি. নিম্নোক্ত দুটি প্রকল্পে বিনিয়োগ করার প্রস্তাব বিবেচনার জন্য নিম্নোক্ত তথ্যাদি সংগ্রহ করেন।

| প্রকল্পের নাম | প্রাথমিক বিনিয়োগ | নগদ আন্তঃপ্রবাহ | | | |
|---|---|---|---|---|---|
| | | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর |
| 'A' | (২৫,০০০) | ১০,০০০ | ১০,০০০ | ১০,০০০ | ১০,০০০ |
| 'B' | (৩০,০০০) | ১৫,০০০ | ১২,০০০ | ১০,০০০ | ৮,০০০ |

নিউ লাইন লি. এর প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন ফেরতকাল বলতে কী বোঝায়? ২

গ. 'B' প্রকল্পের মূলধন ফেরতকাল নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে কোন প্রকল্পে বিনিয়োগ উত্তম? মন্তব্য কর। ৪

৯▶ রাতুল লি.-এর ব্যবস্থাপনা পরিচালক একটি প্রকল্পে বিনিয়োগের প্রস্তাব মূল্যায়নের জন্য নিম্নোক্ত তথ্য সংগ্রহ করেন। ৫ বছরের কর পূর্ববর্তী নগদ আন্তঃপ্রবাহ যথাক্রমে ৪৫,০০০, টাকা, ৫০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৫৫,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা। প্রকল্পটিতে প্রাথমিক বিনিয়োগ ১,৫০,০০০ টাকা এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। সুযোগ ব্যয়ের হার ১২%। কর হার ৪০%। সর্বনিম্ন গড় উপার্জন হার ১৪%।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২

গ. বিনিয়োগ প্রকল্পটির অভ্যন্তরীণ আয়ের হার (IRR) নির্ণয় কর। ৩

ঘ. গড় আয়ের হারের ভিত্তিতে প্রকল্পটির গ্রহণযোগ্যতার বিষয়ে মন্তব্য কর। ৪

১০▶ পদ্মা লি. ৫০,০০০ টাকা 'M' কোম্পানির শেয়ারে এবং ৩০,০০০ টাকা 'N' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করেন। পদ্মা লি.-এর আর্থিক ব্যবস্থাপক বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ার দুটি হতে নিম্নোক্ত আয়ের হার প্রত্যাশা করেন।

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | M Co. | N Co. |
| মন্দা বাজার | ০.২৫ | ১২% | ১০% |
| স্বাভাবিক বাজার | ০.৫০ | ১৪% | ১২% |
| তেজী বাজার | ০.২৫ | ২০% | ১৬% |

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. বাজার ঝুঁকি কি অপরিহারযোগ্য? ব্যাখ্যা কর। ২

গ. 'M' ও 'N' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. পদ্মা লি.-এর প্রত্যাশিত আয়ের হার ১২% হলে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১▶ আশা লি. এবং স্বপ্ন লিমিটেডের বিগত ৪ বছরের আয়ের হার নিম্নরূপ :

| প্রকল্প/বছর | ১ম | ২য় | ৩য় | ৪র্থ |
|---|---|---|---|---|
| আশা লি. | ১২% | ১৫% | ১৩% | ১০% |
| স্বপ্ন লি. | ১৫% | ১০% | ৫% | ২০% |

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১

খ. "বিনিয়োগ বৈচিত্র্যায়নের মাধ্যমে ঝুঁকি হ্রাস করা সম্ভব।"– ব্যাখ্যা কর। ২

গ. আশা লি.-এর আয়ের হারের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. ঝুঁকির মাত্রা বিবেচনায় একজন বিনিয়োগকারীর কোন কোম্পানিতে বিনিয়োগ যুক্তিযুক্ত হবে? মূল্যায়ন কর। ৪

# রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ জনাব রহিম মুন লি.-এর আর্থিক ব্যবস্থাপক। তিনি উৎপাদন বিভাগের সক্ষমতা বাড়াতে চান। তিনি নতুন মেশিন স্থাপনের জন্য ব্যাংক থেকে ১০% সুদের হারে ১২ বছরের জন্য ঋণ গ্রহণ করেন। বছর শেষে মুনাফার পরিমাণ বৃদ্ধি পায়, ফলে শেয়ারহোল্ডাররা খুবই খুশি হয়। কিন্তু জনাব রহিম মুনাফা নির্ণয়ে অর্থের সময়মূল্য বিবেচনা করেন না।

ক. পোর্টফোলিও কী? ১
খ. "উচ্চ মুনাফাযুক্ত প্রকল্প সর্বদা গ্রহণযোগ্য নয়"– ব্যাখ্যা কর। ২
গ. জনাব রহিম কোন ধরনের আর্থিক কার্যাবলি সম্পাদন করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে অর্থায়নের কোন লক্ষ্য প্রতিফলিত হয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২▶ জনাব রফিক, রহিমা অ্যান্ড কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। পূবালী ব্যাংকে তাদের ৯,০০,০০০ টাকা জমা ছিল। কিন্তু অধিকতর লাভের আশায় সম্পূর্ণ অর্থ স্কয়ার কোম্পানির শেয়ারে বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন। বছরান্তে, তিনি প্রায় ২৫% হারে মুনাফা অর্জন করেন। উক্ত লাভের ১০% তিনি শেয়ারহোল্ডারদের লভ্যাংশ হিসেবে প্রদান করেন।

ক. লভ্যাংশ কী? ১
খ. ব্যবসায়ে সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝায়? ২
গ. জনাব রফিক অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব রফিক অর্থায়নের কোন কোন কার্যাবলি সম্পাদন করেছেন? আলোচনা কর। ৪

৩▶ সালাম সাহেব তার ছেলেকে বিদেশে পড়াশোনা করতে পাঠাতে চান। ১০ বছর পর সালাম সাহেবের প্রচুর অর্থের প্রয়োজন হবে। তাই তিনি সঞ্চয়ের পরিকল্পনা করলেন। মমতা ব্যাংক তাকে দুটি প্রস্তাব দিয়েছে। প্রথম প্রস্তাব অনুযায়ী তিনি প্রতি মাসের শুরুতে ৭,০০০ টাকা ১০% সুদের হারে জমা করবেন। অন্যদিকে, দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী এককালীন ৩,০০,০০০ টাকা জমা রাখলে ১০ বছর পরে ৯,০০,০০০ টাকা পাবেন।

ক. বাট্টাকরণ কী? ১
খ. বিধি-৭২ বলতে কী বোঝায়? ২
গ. দ্বিতীয় প্রস্তাব অনুযায়ী সালাম সাহেবের প্রাপ্ত সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. "প্রথম প্রস্তাব থেকে সালাম সাহেব সর্বোচ্চ অর্থ পাবেন"– উক্তিটির সাথে তুমি কি একমত? যুক্তি দেখাও। ৪

৪▶ জনাব সাকিব কিস্তিতে বার্ষিক ১২% হার সুদে ১০,০০,০০০ টাকায় একটি গাড়ি ক্রয় করেন। কোম্পানি তাকে আগামী ৫ বছর প্রত্যেক বছরের শুরুতে কিস্তি পরিশোধ করার পরামর্শ দেন।

ক. সময় রেখা কী? ১
খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২
গ. সাকিব সাহেবের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. সাকিব সাহেব প্রত্যেক বছরের শেষে কিস্তি পরিশোধ করলে কিস্তির পরিমাণে কী পরিবর্তন ঘটবে? ৪

৫▶ জনাব রিপন তার ভাইকে এখন থেকে ৫ বছর পর একটি ল্যাপটপ দিতে চান। তখন ল্যাপটপটির দাম পড়বে ৫০,০০০ টাকা। তিনি প্রতিবছর শেষে সমপরিমাণ অর্থ ব্যাংকে জমা রাখার পরিকল্পনা করছেন। অন্যদিকে, জনাব কবির ঢাকার গুলশানে একটি অ্যাপার্টমেন্ট ক্রয় করতে চান। যার ক্রয়মূল্য বাবদ কোম্পানিকে আগামী ৪ বছর যথাক্রমে ৪,০০,০০০ টাকা, ৩,০০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা এবং ১,০০,০০০ টাকা প্রদান করতে হবে। এছাড়াও তিনি প্রতিবছর শেষে ১.০০.০০০ টাকা করে আগামী ১৫ বছরে পরিশোধ করতে পারেন। জনাব কবিরের প্রত্যাশিত আয়ের হার ৯%।

ক. বিলম্বিত বার্ষিক বৃত্তি কী? ১
খ. সরল সুদ কী? বুঝিয়ে লেখ। ২
গ. ব্যাংক সুদের হার ৮% হলে, জনাব রিপনকে ব্যাংকে প্রতিবছর কত টাকা জমা দিতে হবে? ৩
ঘ. জনাব কবিরের অ্যাপার্টমেন্ট ক্রয়ের জন্য কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৬▶ মোঃ সেলিম একজন ক্ষুদ্র বিনিয়োগকারী। তার বিনিয়োজিত অর্থ থেকে বছরে ১,০০,০০০ টাকা আয় করতে চান। এজন্য তিনি ৫ বছর মেয়াদি ১৫% কুপন বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন। প্রতিটি কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ১,০৫০ টাকা।

ক. সাধারণ শেয়ার কী? ১
খ. ট্রেজারি বন্ড কী? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. যদি প্রত্যাশিত আয়ের হার ১২% হয় তাহলে বিনিয়োগের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭▶ সরোয়ার সাহেব সম্প্রতি চাকরি থেকে অবসরে গেছেন। তিনি তার পেনশন হতে প্রাপ্ত টাকার কিছু অংশ বিনিয়োগ করতে আগ্রহী। তিনি নিম্নের কোম্পানিসমূহের বন্ড নিয়ে বিশ্লেষণ করছেন :

| বিবরণ | শ্যামলী কোং লি. | হানিফ কোং লি. | সৌদিয়া কোং লি. |
|---|---|---|---|
| লিখিত মূল্য | ১,০০০ টাকা | ১,০০০ টাকা | ২,০০০ টাকা |
| কুপন সুদের হার | ১০% | ১২% | – |
| প্রত্যাশিত আয়ের হার | ৮% | ১৫% | ১০% |
| বাজারমূল্য | ১,১০০ টাকা | ৯০০ টাকা | ৮০০ টাকা |
| মেয়াদ | ৯ বছর | – | ১২ বছর |
| বন্ডের ধরন | কুপন বন্ড | চিরস্থায়ী বন্ড | জিরো কুপন বন্ড |

ক. ট্রেজারি বন্ড কী? ১
খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২
গ. সৌদিয়া কোং লিমিটেডের বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. শ্যামলী কোং লিমিটেড ও হানিফ কোং লিমিটেডের মধ্যে কোনটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত বলে মনে কর? বিশ্লেষণ কর। ৪

৮▶ সান লিমিটেড একটি নতুন মেশিন সংগ্রহের পরিকল্পনা করছেন। মেশিনটির ক্রয়মূল্য ৫,০০,০০০ টাকা, আয়ুষ্কাল ৫ বছর। মেশিনটি ব্যবহারের ফলে আগামী ৫ বছর যথাক্রমে ৬৫,০০০ টাকা, ৭৫,০০০ টাকা, ৮৫,০০০ টাকা, ৫৫,০০০ টাকা ও ৪৫,০০০ টাকা কর পরবর্তী নিট মুনাফা পাওয়া যাবে। প্রতিষ্ঠানটি অভ্যন্তরীণ উপার্জন হার (IRR) এর ভিত্তিতে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়। কোম্পানির মূলধন ব্যয়ের হার ১০%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১
খ. মূলধন রেশনিং বলতে কী বোঝ? ২
গ. সান লিমিটেডের মেশিনটির গড় উপার্জন হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মেশিনটি কেনার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৯▶ জনাব নাজিমের বিনিয়োগযোগ্য তহবিল ৫,০০,০০০ টাকা, তার উক্ত ফান্ড একটি প্রকল্পে বিনিয়োগ করার সুযোগ রয়েছে। প্রকল্পের তথ্যসমূহ নিম্নরূপ :

| প্রকল্পের সময় (বছর) | ০ | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|---|
| N এর নিট নগদ প্রবাহ (টাকা) | (৩,০০,০০০) | ৮৫,০০০ | ৯০,০০০ | ৯৫,০০০ | ১,০০,০০০ |

বিনিয়োগের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. প্রকল্পের মূল্যায়ন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প N এর বিনিয়োগ পরিশোধ কাল নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে নিট বর্তমান মূল্যের ভিত্তিতে বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

১০▶ দুটি কোম্পানির শেয়ারের তথ্য নিম্নরূপ :

| কোম্পানি | প্রত্যাশিত আয় | আদর্শ বিচ্যুতি |
|---|---|---|
| এলেক্সা | ৪০% | ১৫% |
| মার্সেল | ৪৫% | ১৭% |

শেয়ার দুটির মধ্যে সহভেদাঙ্ক ০.৯০। উভয় কোম্পানিতে সমানভাবে বিনিয়োগ করলে পোর্টফোলিও ঝুঁকির মান হবে ৬৮.০৩%।

ক. অনিশ্চয়তা কী? ১
খ. মূলধন সম্পত্তির মূল্যায়ন মডেল বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের আলোকে পোর্টফোলিও আয় কত হবে? ৩
ঘ. "যদি ৭০ : ৩০ অনুপাতে বিনিয়োগ করা হয় তাহলে পোর্টফোলিও ঝুঁকি হ্রাস করা সম্ভব"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১▶ নিম্নের দুটি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেওয়া হলো :

| সম্ভাবনা | প্রকল্প-১ | প্রকল্প-২ |
|---|---|---|
| .১০ | –১০% | ১২% |
| .২০ | ১২% | ১০% |
| .৩০ | ২০% | ১৫% |
| .৪০ | ২২% | ২৮% |

ক. কোম্পানি ঝুঁকি কী? ১
খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২
গ. প্রকল্প-১ এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. কোন প্রকল্পে ঝুঁকি কম তা বিভেদাঙ্কের মাধ্যমে বিশ্লেষণ কর। ৪

# যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ জনাব সাজু সোনালী এন্টারপ্রাইজের মালিক। তিনি ব্যবসায়ের উন্নয়নের জন্য বন্ধুদের সাথে পরামর্শ করেন। তার বন্ধু জনাব আরমান পরামর্শ দিলেন যে, তোমার ব্যবসায়ে স্থায়ী সম্পদ পর্যাপ্ত নয়, ফলে বছর শেষে তুমি আশানুরূপ মুনাফা অর্জন করতে পারবে না। তাই, তিনি স্থায়ী সম্পদ বৃদ্ধির জন্য ১৫ বছর মেয়াদি একটি প্রকল্পে ১৫ লাখ টাকা বিনিয়োগ করেন। কিন্তু এক মাস পরে ব্যবসায়ে নগদ টাকার ঘাটতিসহ বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. ব্যবসায় অর্থায়নের লক্ষ্য কী কী হওয়া উচিত? ২

গ. উদ্দীপকে অর্থায়নের কোন কার্যাবলির ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে অর্থায়নের কোন নীতির ব্যত্যয় ঘটেছে? তোমার মতামত দাও। ৪

২▶ সোনালী লি. ও রূপালী লি. একই ধরনের ব্যবসায়ে নিয়োজিত। সোনালী লি. ব্যবসায় পরিচালনা খরচ হ্রাস করার উদ্দেশ্যে শ্রমিকদের মজুরিসহ অন্যান্য সুযোগ- সুবিধা কম দেয়। অন্যদিকে, রূপালী লি.-এর মজুরি কাঠামো অন্য সমজাতীয় প্রতিষ্ঠানের তুলনায় ভালো এবং প্রতিষ্ঠানটি প্রতি বছর এইচ.এস.সি পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীদেরকে মুনাফার ০.৫০% শিক্ষা বৃত্তি দিয়ে থাকে। তাই প্রতিষ্ঠানটির সমাজে ইতিবাচক ভাবমূর্তির কারণে পণ্যের মূল্য তুলনামূলক বেশি হওয়া সত্ত্বেও বিক্রয়ের পরিমাণ বেশি।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১

খ. তারল্য সংরক্ষণ কীভাবে মুনাফা অর্জনকে প্রভাবিত করে? ২

গ. সোনালী লি.-এর ব্যবসায়িক কার্যক্রমে কোন মূল্যবোধের অবক্ষয় হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সোনালী লি.-এর তুলনায় রূপালী লি.-এর লাভজনকতায় সামাজিক দায়বদ্ধতার কী প্রভাব রয়েছে? বিশ্লেষণ কর। ৪

৩▶ মিসেস রাইসা চাকরি থেকে ২০২৪ সালে অবসরে যাবেন। তিনি একটি বিমাপত্র ক্রয় করেছিলেন। বিমা কোম্পানি তাকে দুইটি প্রস্তাব দেয় :

প্রস্তাব-i : পরবর্তী ১০ বছর প্রতি বছরের শুরুতে ৩১,২০০ টাকা করে পাবেন।

প্রস্তাব-ii : এককালীন শুরুতে ২,০০,০০০ টাকা পাবেন।

বাট্টার হার ৯%।

ক. মিশ্র নগদ প্রবাহ কী? ১

খ. চক্রবৃদ্ধি সংখ্যা বৃদ্ধি পেলে ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ২

গ. প্রস্তাব-i এর ভবিষ্যৎ মূল্য নির্ণয় কর। ৩

ঘ. মিসেস রাইসা কোন প্রস্তাবটি গ্রহণ করবেন? গাণিতিক যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৪▶ মিসেস উর্মি ১,১০,০০০ টাকা বলেশ্বর ব্যাংক লি. এ ১১% হারে ৬ বছরের জন্য জমা রাখার কথা ভাবছেন। অন্যদিকে, কঁচা ব্যাংক লি. মাসিক চক্রবৃদ্ধিতে ৯% সুদ দেওয়ার প্রস্তাব দেয়।

ক. বাট্টাকরণ কী? ১

খ. গ্রাহকের কাছে চক্রবৃদ্ধি সুদ সরল সুদ অপেক্ষা অধিক পছন্দনীয় কেন? ২

গ. বলেশ্বর ব্যাংক লি. মেয়াদ শেষে মিসেস উর্মিকে কত টাকা দিবে? ৩

ঘ. মিসেস উর্মি কোন ব্যাংকে টাকা জমা রাখবেন? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য কর। ৪

৫▶ জনাব রাতুল সন্ধ্যা ব্যাংক লি. থেকে ৬০,০০০ টাকা ঋণ নিয়ে একটি ল্যাপটপ ক্রয় করেন। ব্যাংক শর্ত দিল যে, ৫ বছর ধরে প্রতি বছরের শুরুতে কিস্তি দিতে হবে ও সুদের হার ৯%।

ক. ঋণ পরিশোধ সূচি কী? ১

খ. "সুদ হলো অর্থের মূল্য হ্রাসজনিত ক্ষতিপূরণ"— ব্যাখ্যা কর। ২

গ. জনাব রাতুলের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে একটি ঋণ পরিশোধ সূচি প্রস্তুত কর। ৪

৬▶ মিসেস উসমি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি কম ঝুঁকি নিতে পছন্দ করেন। তিনি দুইটি বন্ডের তথ্য সংগ্রহ করেছেন :

| বন্ড | সুদের হার | লিখিত মূল্য | বাজারমূল্য | মেয়াদ |
|---|---|---|---|---|
| পদ্মা | ১১% | ১০০ | ১১৫ | ৭ বছর |
| মেঘনা | ৯% | ১০০ | ৮০ | — |

উল্লেখ্য, মিসেস উসমির প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. একটি বন্ড কখন অধিহারে বিক্রয় করা হয়? ২

গ. পদ্মা বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. মিসেস উসমি কোন বন্ডে বিনিয়োগ করবেন? গাণিতিক ব্যাখ্যাসহ মতামত লেখ। ৪

৭▶ জনাব মেহেদী ১,০০০ টাকা লিখিত মূল্যে ১২% কুপন হার সুদে ১০ বছর মেয়াদি একটি বন্ড ক্রয় করার কথা ভাবছেন। বন্ডটির বাজারে বিক্রয়মূল্য ১,০৮০ টাকা। ৭ বছর শেষে বন্ডটি ২% অধিহারে তলব করা হয়। বন্ডের প্রত্যাশিত আয়ের হার ১১%।

ক. IPO কী? ১

খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকিমুক্ত আয়ের হার বলা হয়? ২

গ. বন্ডটির ৭ বছর শেষে তলবের সময় উপার্জনের হার (YTC) নির্ণয় কর। ৩

ঘ. বন্ডটির বাজারমূল্য ১,০৬৫ টাকা হলে জনাব মেহেদীর কি বন্ডটি ক্রয় করা উচিত হবে? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য কর। ৪

৮▶ জনাব ইসমাইল একটি প্রকল্পে ৬৫,০০০ টাকা বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগযোগ্য দুইটি প্রকল্পের তথ্য সংগ্রহ করেছেন :

| প্রকল্প/বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| ক | ১৮,০০০ | ২৫,০০০ | ২৪,০০০ | ১৯,০০০ | ১৫,০০০ |
| খ | ১৫,০০০ | ১৭,০০০ | ৩০,০০০ | ২১,০০০ | ১৪,০০০ |

বাটার হার ৯%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. স্বাধীন প্রকল্পসমূহের ক্ষেত্রে কীভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ২

গ. কোন প্রকল্প থেকে দ্রুত সময়ের মধ্যে মূলধন ফেরত পাওয়া সম্ভব? গাণিতিক যুক্তিসহ মন্তব্য লেখ। ৩

ঘ. নগদ পছন্দের ভিত্তিতে জনাব ইসমাইলের উপর্যুক্ত বিনিয়োগ সিদ্ধান্ত কী হবে? গাণিতিক ব্যাখ্যাসহ মতামত দাও। ৪

৯▶ নর্দান কোম্পানির নিকট বিনিয়োগের জন্য ৬০,০০০ টাকা আছে। কোম্পানিটি বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুইটি প্রকল্প বিবেচনা করছে :

| প্রকল্প | প্রাথমিক বিনিয়োগ | করপূর্ব নগদ প্রবাহ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| লাল | ৫৫,০০০ | ১৬,৮০০ | ১৫,৩০০ | ১৪,০০০ | ১৫,৫০০ | ১৪,৬০০ |
| সবুজ | ৫০,০০০ | ১৫,৬০০ | ১৬,২০০ | ১৫,০০০ | ১৩,০০০ | ১৩,৪০০ |

সুযোগ ব্যয় ৮% ও কর হার ৩৫%।

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১

খ. মূলধন রেশনিং বা বরাদ্দকরণ কীভাবে করা হয়? ২

গ. সবুজ প্রকল্পের নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. নর্দান কোম্পানি কোন প্রকল্পটি গ্রহণ করবে? গাণিতিক ব্যাখ্যাসহ মন্তব্য কর। ৪

১০▶ জনাব আখতার ১,০০,০০০ টাকা একটি লাভজনক সিকিউরিটিতে বিনিয়োগ করতে আগ্রহী। তার সামনে নিচের দুইটি সিকিউরিটি রয়েছে। তিনি দুইটির মধ্য থেকে কম ঝুঁকিপূর্ণ সিকিউরিটি বাছাই করতে চান :

| বছর | আয়ের হার | |
|---|---|---|
| | সিকিউরিটি-ক | সিকিউরিটি-খ |
| ২০২০ | ১৬% | ১৯% |
| ২০২১ | ১৪% | −৭% |
| ২০২২ | ১৫% | ১৯% |

ক. পোর্টফোলিও কী? ১

খ. সরকারি বন্ডে বিনিয়োগ ঝুঁকি নেই কেন? ২

গ. উদ্দীপকের আলোকে সিকিউরিটি-খ এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. "সিউকিউরিটি-ক অধিক ঝুঁকিপূর্ণ"— উক্তিটির গাণিতিক যুক্তিসহ মন্তব্য লেখ। ৪

১১▶ মিসেস আইরিন একটি স্টকে বিনিয়োগ করতে চান। তিনি অধিক ঝুঁকি নিতে পছন্দ করেন। বাজার পর্যালোচনা করে স্টক X ও স্টক Y এর বিভিন্ন অর্থনৈতিক অবস্থা সম্পর্কে নিচের তথ্যসমূহ তিনি সংগ্রহ করেছেন :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | মুনাফার হার | |
|---|---|---|---|
| | | স্টক-X | স্টক-Y |
| মহামন্দা | ২৫% | ৫% | −২% |
| স্বাভাবিক | ৪৫% | ১১% | ৯% |
| মহাতেজি | ৩০% | ১৪% | ১৯% |

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১

খ. মুনাফা ও ঝুঁকির মধ্যে সম্পর্ক কীরূপ? ২

গ. উদ্দীপকে স্টক Y এর পরিমিত ব্যবধান ও বিভেদাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. মিসেস আইরিন কোন স্টকে বিনিয়োগ করবেন? গাণিতিক ব্যাখ্যাসহ মতামত দাও। ৪

# কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ মি. শফিক এবং মি. রফিক দুই বন্ধু। তারা উভয়ে বিশ্ববিদ্যালয়ে ফাইন্যান্স ও ব্যাংকিং বিষয়ের ওপর পড়াশোনা করছেন এবং পাশাপাশি তারা টিউশনির মাধ্যমে কিছু অর্থ উপার্জন করেন। তারা উভয়ে সিদ্ধান্ত নিলেন যে, তাদের এই উপার্জিত অর্থ শেয়ারবাজারে বিনিয়োগ করবেন। মি. শফিক তার পুঁজি দিয়ে মাত্র একটি কোম্পানির শেয়ার ক্রয় করলেন। অন্যদিকে মি. রফিক তার পুঁজি দিয়ে তিনটি কোম্পানির শেয়ার ক্রয় করলেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ কীভাবে অর্জন করা যায়? ব্যাখ্যা কর। ২

গ. মি. রফিক বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে শেয়ারবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কার বিনিয়োগ অধিক যৌক্তিক বলে তুমি মনে কর? তোমার মতামত দাও। ৪

২ ▸ সততা কোম্পানি কেবলমাত্র পেস্ট উৎপাদন ও বিক্রয় করে। কোম্পানি তাদের মোট লাভের ২৫% লভ্যাংশ শেয়ারমালিকদের মাঝে বণ্টন করে থাকে। অপরদিকে একতা কোম্পানি পেস্ট, শ্যাম্পু ও পাউডার উৎপাদন ও বিক্রয় করে। সুনাম বৃদ্ধি ও ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে কোম্পানি ১৫% লভ্যাংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করে এবং মুনাফার কিছু অংশ সংরক্ষিত তহবিলে জমা রাখে।

ক. মুনাফা সর্বোচ্চকরণ কী? ১

খ. ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার ধারণা ব্যাখ্যা কর। ২

গ. বিনিয়োগের ক্ষেত্রে পোর্টফোলিও নীতি বিবেচনা করা হয় কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সততা ও একতা কোম্পানি দুটির মধ্যে কোন কোম্পানির বিনিয়োগ অধিক যুক্তিযুক্ত? মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৩ ▸ জনাব রায়হান জমি বিক্রয় করে ৪,০০,০০০ টাকা পেলেন। তিনি ৮ বছর পর CNG ক্রয়ের উদ্দেশ্যে ব্যাংকে একটি স্থায়ী হিসাব খোলার পরিকল্পনা করেন। সোনালী ব্যাংক তাকে ৮% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়। অন্যদিকে, 'জনতা ব্যাংক' ৯% হারে দ্বিমাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. কীভাবে চক্রবৃদ্ধিকরণ করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. মেয়াদ শেষে সোনালী ব্যাংক থেকে জনাব রায়হান মোট কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. জনাব রায়হানের কোন ব্যাংকে টাকা জমা রাখা উচিত? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▸ মি. নাহিদ পাঁচ বছর মেয়াদে ১০% বার্ষিক সুদের হারে ২,০০,০০০ টাকার সরকারি সঞ্চয়পত্র ক্রয় করার চিন্তা করেছেন। কিন্তু তার বন্ধুর পরামর্শে ১০% বার্ষিক চক্রবৃদ্ধি সুদে পদ্মা ব্যাংকে উক্ত টাকা বিনিয়োগ করেন।

ক. বর্তমান মূল্য কী? ১

খ. চক্রবৃদ্ধি হারে প্রকৃত সুদের হার পরিবর্তিত হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. সরকারি সঞ্চয়পত্রে বিনিয়োগ করলে মেয়াদ শেষে জনাব নাহিদ কত টাকা পেতে? নির্ণয় কর। ৩

ঘ. অর্থ বিনিয়োগের ক্ষেত্রে জনাব নাহিদের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৫ ▸ জনাব বাকের চাকরি থেকে অবসর গ্রহণ করেছেন। তিনি অবসর ভাতা বাবদ ২৫,০০,০০০ টাকা পেয়েছেন। তিনি উক্ত টাকা পাঁচ বছরের জন্য জমা রাখতে চান। তার কাছে দুটি ব্যাংকের দুটি বিকল্প প্রস্তাব রয়েছে। ডাচ্-বাংলা ব্যাংক ১৩% হারে সরল সুদ দিতে চায় এবং রূপসা ব্যাংক লি. ১২% হারে চক্রবৃদ্ধি সুদ দিতে চায়।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. বিধি-৭২ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. ডাচ্-বাংলা ব্যাংকে টাকা জমা রাখলে জনাব বাকের পাঁচ বছর পর কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের দুইটি প্রস্তাবের মধ্যে জনাব বাকের কোন প্রস্তাবটি গ্রহণ করবেন? যুক্তিসহকারে বুঝিয়ে দাও। ৪

৬ ▸ জনি প্রিন্ট কোম্পানি বার্ষিক ১৬% কুপন রেটে বন্ড ইস্যু করে। যার প্রতিটির লিখিত মূল্য ১,০০০ টাকা। উক্ত বন্ড ১০ বছরের জন্য ইস্যু করা হয়। অর্ধবার্ষিক ভিত্তিতে কুপন রেট ১৫% প্রয়োজনীয় আয়ের হার ১২%।

ক. চিরস্থায়ী বন্ড কী? ১

খ. কুপন হার বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ২

গ. যদি সুদ বার্ষিক ভিত্তিতে প্রদান করা হয় তবে বন্ডের বর্তমান মূল্য কত হবে? নির্ণয় কর। ৩

ঘ. জনি প্রিন্ট কোম্পানির জন্য অর্ধ-বার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করা কি যৌক্তিক হবে? মতামত দাও। ৪

৭ ▸ জনাব সৌরভ তার সঞ্চয়কৃত অর্থ বিনিয়োগ করতে চাচ্ছেন। তিনি বন্ডবাজার অনুসন্ধান করে ১০০ টাকা অভিহিত মূল্যের দুটি বন্ড দেখতে পেলেন। বন্ড দুটির তথ্য নিচে দেওয়া হলো :

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদ |
|---|---|---|---|
| X | ১২% | ১১৯ | ৮ বছর |
| Y | ১০% | ৮০ | – |

প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. YTC-এর পূর্ণরূপ কী? ১

খ. মেয়াদপূর্তিতে উপার্জন হার কীভাবে নির্ণীত হয়? ব্যাখ্যা কর। ২

গ. মেয়াদপূর্তিতে X বন্ডের আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব সৌরভের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ বিডি কোম্পানি লিমিটেড একটি নতুন মেশিন ক্রয়ের চিন্তা করছে। মেশিনটির ক্রয়মূল্য ৫,০০,০০০ টাকা এবং আয়ুষ্কাল পাঁচ বছর। কোনো ভগ্নাবশেষ মূল্য থাকবে না। করের হার ৪০%। করপরবর্তী আয় নিম্নে দেওয়া হলো :

| বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| নগদ আন্তঃপ্রবাহ | ১,০০,০০০ | ১,১০,০০০ | ১,৪০,০০০ | ১,৫০,০০০ | ২,৫০,০০০ |

ক. মূলধন রেশনিং কী? ১

খ. নিট বর্তমান মূল্য বলতে কী বোঝ? ২

গ. মেশিনটির পরিশোধ কাল (Pay Back Period) নির্ণয় কর। ৩

ঘ. বাট্টার হার ১০% হলে নিট বর্তমান মূল্য কত হবে? গাণিতিকভাবে দেখাও। ৪

৯ ▸ স্টার কোম্পানি লি. চার বছর মেয়াদি প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্ত নিতে চায়। যেখানে প্রাথমিক বিনিয়োগের পরিমাণ হবে ২,০০,০০০ টাকা এবং নগদ আন্তঃপ্রবাহসমূহ যথাক্রমে ৬০,০০০, ৭০,০০০, ৮০,০০০ এবং ৭৬,০০০ টাকা। বাট্টার হার ১০%।

ক. প্রকল্প কী? ১

খ. "মূলধন বাজেটিং প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি করে"– ব্যাখ্যা কর। ২

গ. কোম্পানির নিট বর্তমান মূল্য (NPV) নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের (IRR) ভিত্তিতে স্টার কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

১০ ▸ জনাব রেদোয়ান বিনিয়োগ করার জন্য নিচের দু'টি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন–

| সম্ভাবনা (%) | প্রত্যাশিত আয় | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| ০.২০ | ১৫% | ১২.৫% |
| ০.১০ | ১০% | ১৭.৫% |
| ০.২০ | ৯% | ১৬.০% |

ক. পোর্টফোলিও কী? ১

খ. "ঝুঁকি বৃদ্ধি পেলে আয় বৃদ্ধি পায়"– ব্যাখ্যা কর। ২

গ. সিকিউরিটি-A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. "সিকিউরিটি-B বেশি ঝুঁকিপূর্ণ"– উক্তিটির যথার্থতা গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

১১ ▸ দুই বন্ধু শাওন ও শোভন নিয়মিত শেয়ার ব্যবসায় করেন। শাওন 'X' কোম্পানির শেয়ারে এবং শোভন 'Y' কোম্পানির শেয়ারে সমানভাবে বিনিয়োগ করলেন। শেয়ার দু'টি হতে গত তিন বছরের আয় নিচে উল্লেখ করা হলো :

| বছর | 'X' কোম্পানির আয় | 'Y' কোম্পানির আয় |
|---|---|---|
| ১ | ১৭% | ১৫% |
| ২ | ২০% | ১২% |
| ৩ | ১৬% | ১৮% |

ক. ঝুঁকিমুক্ত আয় হার কী? ১

খ. পোর্টফোলিও বৈচিত্র্যায়নের নীতি কেন অনুসরণ করা হয়? ২

গ. শাওনের ঝুঁকির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের আলোকে কার বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ? বিশ্লেষণ কর। ৪

# চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ সুরমা ম্যানুফেকচারিং কোম্পানি লি. উৎপাদন বৃদ্ধির জন্য পাঁচ কোটি টাকা মূল্যের একটি মেশিন ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছে। মেশিনটির প্রত্যাশিত আয়ুষ্কাল আট বছর। নতুন মেশিন ক্রয়ের সিদ্ধান্তটি প্রচারিত হওয়ার পর থেকে পুঁজি বাজারে কোম্পানির শেয়ারের চাহিদা বৃদ্ধি পেয়েছে। ফলে কোম্পানির শেয়ারের বাজারমূল্যও বৃদ্ধি পায়।

ক. সরকারি অর্থায়ন কী? ১
খ. ঝুঁকি ও আয়ের মধ্যে কীরূপ সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সুরমা ম্যানুফেকচারিং কোম্পানি লি. কর্তৃক গৃহীত সিদ্ধান্তটি অর্থায়নের কোন কার্যাবলির সাথে সম্পৃক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সুরমা ম্যানুফেকচারিং কোম্পানি লি. অর্থায়নের চূড়ান্ত লক্ষ্য অর্জনে সক্ষম হয়েছে কিনা বিশ্লেষণ কর। ৪

২▸ লিয়ানা ও লিমন দুই ভাই-বোন। লিয়ানা এমন একটি প্রতিষ্ঠানে কাজ করে যা মূলত মানবকল্যাণের উদ্দেশ্যে পরিচালিত হয়। প্রতিষ্ঠানটি সমাজে পিছিয়ে পড়া, দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষদের সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় তহবিল দেশি ও বিদেশি বিভিন্ন দাতাদের নিকট হতে সংগ্রহ করে। অন্যদিকে লিমন যে প্রতিষ্ঠানে কাজ করে সেটির উদ্দেশ্য হলো মুনাফা অর্জন করা। প্রতিষ্ঠানটি নির্মাণ শিল্প, কাগজ শিল্প ও তৈরি পোশাক শিল্পে বিপুল পরিমাণ অর্থ বিনিয়োগ করে দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

ক. তারল্য কী? ১
খ. অর্থায়নের ক্ষেত্রে সামাজিক দায়বদ্ধতা কেন গুরুত্বপূর্ণ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত লিয়ানার প্রতিষ্ঠানটি কোন ধরনের অর্থায়ন প্রক্রিয়ার সাথে যুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. "লিমনের প্রতিষ্ঠানটি অর্থায়নের নীতিমালা অনুসরণ করে পরিচালিত হচ্ছে"— তুমি কি একমত? অর্থায়নের যথোপযুক্ত নীতিমালার আলোকে মতামত দাও। ৪

৩▸ জনাব ইবাদ ৫ বছর পরে একটি ফ্ল্যাট কিনতে আগ্রহী। ৫ বছর পর ফ্ল্যাটের বাজারমূল্য হবে ৮০,০০,০০০ টাকা। তার বাবা এই লক্ষ্যে একটি সরকারি ব্যাংকে ৫০,০০,০০০ টাকা জমা রাখেন। যেখানে মাসিক চক্রবৃদ্ধিতে ১২% সুদ দেয়।

ক. চিরস্থায়ী বৃত্তি কী? ১
খ. মুদ্রাস্ফীতি কীভাবে অর্থের সময়মূল্যকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে কার্যকরী সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. মেয়াদ শেষে ইবাদ ফ্ল্যাটটি কিনতে সক্ষম হবে কি? গাণিতিক মূল্যায়ন করে মতামত দাও। ৪

৪▸ জনাব ইব্রাহিম উচ্চতর ডিগ্রি অর্জনের জন্য প্রতি বছরের শুরুতে আগামী ৩ বছর যথাক্রমে ৪৫,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৬০,০০০ টাকা ব্যাংকে জমানোর জন্য চিন্তা করছেন। ব্যাংকের সুদের হার ১৬%।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. বিধি-৭২ কখন ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে ৩ বছর পর জনাব ইব্রাহিম কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব ইব্রাহিমের ব্যাংকে জমা প্রদানকে বার্ষিক বৃত্তি বলা যাবে কি? মতামত দাও। ৪

৫▸ মিসেস আফরিন 'কাপ্তাই' ব্যাংক থেকে ৩ বছরের জন্য ৫,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করতে পারেন। সুদের হার ১০% এবং প্রতি বছর শেষে ২,০১,০৫৭ টাকা করে তিনটি সমান কিস্তিতে ঋণ পরিশোধ করতে হবে। অন্যদিকে 'নির্ঝর' ব্যাংক থেকে ১০% সুদে ঋণ গ্রহণ করলে ৩ বছর শেষে এক কিস্তিতেই ঋণ পরিশোধিত হবে।

ক. মিশ্র নগদ প্রবাহ কী? ১
খ. বাট্টার হারের পরিবর্তন বর্তমান মূল্যের ওপর কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে 'কাপ্তাই' ব্যাংকের ঋণ পরিশোধ সূচি তৈরি কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মিসেস আফরিন কম সুদ প্রদান করতে চাইলে তার কোন বিকল্প গ্রহণ করা উচিত? মতামত দাও। ৪

৬▸ মিসেস প্রমিতি তার সঞ্চিত অর্থ বিনিয়োগ করতে চান। তিনি বাজার অনুসন্ধান করে ২,০০০ টাকা অভিহিত মূল্যের দুটি বন্ড চিহ্নিত করেছেন। নিম্নে বন্ড দুটির তথ্য দেওয়া হলো :

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদ |
|---|---|---|---|
| A | ১১% | ১,৯০০ টাকা | ৮ বছর |
| B | ১২% | ২,১৫০ টাকা | — |

মিসেস প্রমিতি B বন্ডে বিনিয়োগ করেন এবং তার প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. জামানতযুক্ত বন্ড কী? ১
খ. ট্রেজারি বন্ডকে ঝুঁকিমুক্ত সিকিউরিটি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. 'A' বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে মিসেস প্রমিতির কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? মতামত দাও। ৪

৭▸ মিসেস পারুল তার জমানো অর্থ ১২% সুদের হারে ১০ বছর মেয়াদের বন্ডে বিনিয়োগ করার সিদ্ধান্ত নিলেন। প্রতিটি বন্ডের অভিহিত মূল্য ১০,০০০ টাকা এবং বাজারমূল্য ১২,৫০০ টাকা। মিসেস পারুলের প্রত্যাশিত আয়ের হার ১১%।

ক. শেয়ার কী? ১
খ. কখন বন্ডে অন্তর্নিহিত মূল্য ও লিখিত মূল্য সমান হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত মিসেস পারুলের বন্ডটি কোন ধরনের বন্ড? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী মিসেস পারুলের বন্ডটির বিনিয়োগ সিদ্ধান্ত মেয়াদপূর্তির আয়ের হারের ভিত্তিতে মূল্যায়ন কর। ৪

৮▸ মিসেস আরশিয়া এবিসি লি.-এর একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি 'A' ও 'B' পরস্পর বর্জনশীল দুটি প্রকল্প নিয়ে ভাবছেন। প্রাথমিক বিনিয়োগ ৩,০০,০০০ টাকা এবং মূলধন ব্যয় ১২%।

প্রকল্প দুটির সম্ভাব্য নিট নগদ প্রবাহ নিম্নরূপ :

| প্রকল্প/বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| প্রকল্প 'A' | ৮৫,০০০ | ৮৫,০০০ | ৮৫,০০০ | ৮৫,০০০ | ৮৫,০০০ |
| প্রকল্প 'B' | ৭৭,০০০ | ৮০,০০০ | ৯৫,০০০ | ৫০,০০০ | ৪৮,০০০ |

প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানটি বাট্টাকৃত পদ্ধতি ব্যবহার করে। এক্ষেত্রে প্রকল্প 'A' এর নিট বর্তমান মূল্য ৬,৪০৬ টাকা।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. স্বাধীন প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. প্রকল্প 'B' এর পে-ব্যাক পিরিয়ড নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্য বিবেচনা করে মিসেস আরশিয়ার কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৯▸ জনাব কালাম ৪ বছরের জন্য ৫,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। নিম্নে প্রকল্প হতে সম্ভাব্য নিট নগদ প্রবাহ দেওয়া হলো :

| বছর | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|
| নিট নগদ প্রবাহ | ১,৭৫,০০০ | ১,৬৫,০০০ | ১,৫০,০০০ | ১,৮০,০০০ |

জনাব কালামের মূলধন ব্যয় ১৪% এবং তিনি সরলরৈখিক পদ্ধতিতে অবচয় নির্ধারণ করেন। প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে জনাব কালাম আন্তঃআয়ের হার ব্যবহার করেন। ১১% বাট্টার হারে নিট বর্তমান মূল্য ১৯,৮২৬ টাকা এবং ১৮% বাট্টার হারে নিট বর্তমান মূল্য –৪৯,০৫৮ টাকা।

ক. প্রকল্প কী? ১
খ. কখন নিট বর্তমান মূল্য শূন্য হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে গড় মুনাফার হার নির্ণয় কর। ৩
ঘ. জনাব কালামের বিনিয়োগ সিদ্ধান্ত যথার্থ হয়েছে কিনা মূল্যায়ন কর। ৪

১০▸ মিসেস অর্পা সদ্য অবসরপ্রাপ্ত চাকরিজীবী। তিনি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। শেয়ারবাজার পর্যালোচনা করে স্টক 'A' ও স্টক 'B' এর বিভিন্ন তথ্যাবলি সংগ্রহ করেছেন :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | মুনাফার হার | |
|---|---|---|---|
| | | A | B |
| স্বাভাবিক | .২০ | ১০% | ১৪% |
| ভালো | .৩০ | ১৫% | ১৮% |
| খুব ভালো | .৫০ | ২৫% | ২০% |
| প্রত্যাশিত আয়ের হার | | ১৯% | ১৮.২০% |
| পরিমিত ব্যবধান | | ৬.২৫% | - |

ক. ঝুঁকি কী? ১
খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহারযোগ্য ঝুঁকি বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে স্টক 'B' এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩
ঘ. মিসেস অর্পার জন্য কোন স্টকে বিনিয়োগ করা কম ঝুঁকিপূর্ণ? গাণিতিকভাবে যুক্তিসহ মতামত দাও। ৪

১১▸ জনাব আরিজ একটি প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক। প্রতিষ্ঠানের বিটার মান ১.৫, বাজার আয়ের হার ১৬% এবং ঝুঁকিমুক্ত আয়ের হার ৮%। জনাব আরিজ ব্যক্তিগতভাবে আর্থিক বাজারে বিনিয়োগ করে থাকেন। তিনি ঝুঁকি হ্রাসের জন্য এক এর অধিক সিকিউরিটিতে বিনিয়োগ করতে আগ্রহী। তার বিনিয়োগকৃত সিকিউরিটিগুলোর তথ্য নিম্নরূপ :

| | সিকিউরিটি A | সিকিউরিটি B |
|---|---|---|
| প্রত্যাশিত আয়ের হার | ১৪% | ১৬% |
| পরিমিত ব্যবধান | ৪% | ৪.৩৫% |
| ভার | ৪০% | ৬০% |
| সিকিউরিটির সহসম্বন্ধ | –০.৮৫ | |

ক. অনিশ্চয়তা কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে কোন ধরনের সম্পর্ক রয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত আর্থিক প্রতিষ্ঠানের প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব আরিজের বিনিয়োগ সিদ্ধান্ত ঝুঁকি হ্রাসে সহায়ক কিনা মূল্যায়ন কর। ৪

# সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ 'নাইস ভোজনালয়' একটি হোটেল। প্রথমদিকে তারা সিদ্ধান্ত গ্রহণ করে যে, তারা শুধু দুপুরের খাবার ও বিভিন্ন প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী খাবার সরবরাহ করবে? কিন্তু দ্রব্যমূল্যের উর্ধ্বগতি ও কর্মচারীদের বেতন পরিশোধে অতিরিক্ত অর্থ সংরক্ষণ করায় প্রতিষ্ঠানটির অসচ্ছলতার ঝুঁকি বৃদ্ধি পায়। তাই পরবর্তীতে তাদের বিনিয়োগ বৃদ্ধি করে ভোক্তাদের চাহিদা অনুযায়ী রাতের খাবার, বিভিন্ন প্রকার মিষ্টান্ন, কেক, পানীয়, আইসক্রিম ইত্যাদি তৈরি ও বিক্রয়ে সচেষ্ট হয়।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. মূলধন কাঠামো তৈরি করা অর্থায়নে গুরুত্বপূর্ণ কেন? ২

গ. অর্থায়নের কোন নীতি অনুসরণের কারণে 'নাইস ভোজনালয়'-এর অসচ্ছলতার ঝুঁকি বৃদ্ধি পায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'নাইস ভোজনালয়' এর গৃহীত পদক্ষেপ কি তাদের অসচ্ছলতার ঝুঁকি হ্রাস করবে? বিশ্লেষণ কর। ৪

২ ▶ 'আশা' ও 'আস্থা' দুইটি কোম্পানি। উভয় কোম্পানির শেয়ারের লিখিত মূল্য ১৫ টাকা। ২০২০ ও ২০২১ সালে 'আশা' কোম্পানির শেয়ারপ্রতি আয় যথাক্রমে ৫ ও ৭ টাকা। শেয়ারের বাজারমূল্য ২০ টাকায় অপরিবর্তিত থাকে। অপরদিকে উক্ত সময়ে 'আস্থা' কোম্পানির শেয়ারপ্রতি আয় ৫ টাকায় অপরিবর্তিত থাকলেও শেয়ারের বাজারমূল্য ২০ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ২২ টাকা হয়।

ক. মুনাফা সর্বোচ্চকরণ কী? ১

খ. অর্থায়নে তারল্য ও মুনাফা নীতির মধ্যে কেন সমন্বয় করতে হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক অনুযায়ী 'আশা' কোম্পানি অর্থায়নের কোন লক্ষ্যটি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানি দুইটির মধ্যে কোন কোম্পানিটি দীর্ঘমেয়াদে টিকে থাকবে? অর্থায়নের লক্ষ্যের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ মিস স্বর্ণা এইচএসসি পরীক্ষায় সফলতার সাথে পাস করায় একটি এনজিও থেকে তাকে ২০,০০০ টাকা পুরস্কার দেওয়া হয়। যাহা সে RBC ব্যাংকে ৯% সুদে ৫ বছরের জন্য জমা রাখে। ব্যাংকটি ৬ মাস অন্তর সুদ প্রদান করে। পরবর্তীতে স্বর্ণা বুয়েটে ভর্তি হওয়ায় তার পরিবার তাকে তিনটি প্রস্তাব দেয়। প্রস্তাব তিনটি হলো :
প্রথমত, আগামী ৫ বছর, প্রত্যেক বছরে ২,৬০০ টাকা গ্রহণ।
দ্বিতীয়ত, আগামী ৫ বছর যথাক্রমে, ৩,০০০, ২,৮০০, ২,৫০০, ২,৩০০ ও ২,০০০ টাকা গ্রহণ।
অথবা, বর্তমানে ১০,০০০ টাকা গ্রহণ। প্রত্যেক প্রস্তাবের সুযোগ ব্যয় ৮%।

ক. চিরস্থায়ী বৃত্তি কী? ১

খ. কখন নামিক সুদের হার ও কার্যকরী সুদের হার সমান হয়? ২

গ. মেয়াদোত্তীর্ণ মিস স্বর্ণা RBC ব্যাংক থেকে কত টাকা পাবে? নির্ণয় কর। ৩

ঘ. পরিবারের পক্ষ থেকে প্রদত্ত প্রস্তাবসমূহের মধ্যে মিস স্বর্ণা কোনটি গ্রহণ করবে? বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব ছালাম একজন চাকরিজীবী। তিনি নিচের দুইটি বন্ডের মধ্যে যেকোনো একটি ক্রয় করতে চান। বন্ড দুইটির তথ্য নিম্নরূপ :

| বিবরণ | মধুমতি লি. | সুরমা লি. |
|---|---|---|
| লিখিত মূল্য | ২,৫০০ | ২,৫০০ |
| কুপন হার | ১২% | ১৫% |
| বাজারমূল্য | ২,৮০০ | ২,০০০ |
| মেয়াদকাল | ৫ বছর | ৫ বছর |
| প্রয়োজনীয় আয়ের হার | ১০% | ১০% |

ক. চিরস্থায়ী বন্ড কী? ১

খ. কখন বন্ডের বাজারমূল্য ও লিখিত মূল্য সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মধুমতি লি.-এর বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. জনাব ছালাম মেয়াদপূর্তিতে বন্ড দুইটির মধ্যে কোনটি ক্রয় করবেন? মতামত দাও। ৪

৫ ▶ জনাব কাদের একটি নতুন মেশিন ক্রয় করতে ইচ্ছুক। মেশিনটির ক্রয়মূল্য ৮০,০০০ টাকা এবং আয়ুষ্কাল ৪ বছর। মেশিনটির মূলধনী ব্যয় ১২% এবং কর হার ৪০%। উক্ত মেশিন হতে আগামী ৪ বছর অবচয় ও করপূর্ব আন্তঃপ্রবাহ হবে যথাক্রমে ২০,০০০, ৩২,০০০, ৩০,০০০ এবং ২৫,০০০ টাকা। ৪ বছর পরে মেশিনটি ১০,০০০ টাকায় বিক্রয় করা যাবে। অবচয় সরলরৈখিক পদ্ধতিতে ধার্য করা হয়।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. মূলধন বাজেটিংকে সর্বদাই ঝুঁকিমুক্ত সিদ্ধান্ত বলা হয় কেন? ২

গ. জনাব কাদেরের ক্রয়কৃত মেশিনটির গড় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মেশিনটি ক্রয় করা জনাব কাদেরের জন্য যুক্তিযুক্ত কিনা? নিট বর্তমান মূল্যের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ জনাব হারুন পোর্টফোলিও-এর মাধ্যমে সিকিউরিটিতে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগযোগ্য অর্থ নিম্নোক্তভাবে ব্যবহার করতে চান :

| | সিকিউরিটি | বিনিয়োগকৃত তহবিল | প্রত্যাশিত আয়ের হার | আদর্শ বিচ্যুতি | সহসম্বন্ধ |
|---|---|---|---|---|---|
| পোর্টফোলিও-১ | X | ৬০% | ১০% | ৫% | ০.৪৫ |
| | Y | ৪০% | ২০% | ১০% | |
| পোর্টফোলিও-২ | Y | ৩০% | ২০% | ১০% | ০ |
| | ট্রেজারি বিল | ৭০% | ৩০% | ০% | |

ক. তারল্য ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও কেন গঠন করা হয়? ২

গ. পোর্টফোলিও-১ এর আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব হারুনের জন্য কোন পোর্টফোলিওতে বিনিয়োগ করা উত্তম? মতামত দাও। ৪

৭ ▶ মি. জামিল নিজ এলাকায় গরিব মানুষের জন্য একটি চিকিৎসা কেন্দ্র গড়ে তোলেন। সমাজের ধনী ব্যক্তিগণের সহযোগিতায় চিকিৎসা কেন্দ্রটি পরিচালিত হয়ে আসছে। চিকিৎসা কেন্দ্রটিতে আরও বেশিসংখ্যক লোককে সেবা প্রদানের কথা ভাবছেন। এজন্য দেশি ও বিদেশি দাতা সংস্থার কাছে মি. জামিল সহযোগিতা চান। পর্যায়ক্রমে তিনি চিকিৎসা কেন্দ্রটি সম্প্রসারণের কথা ভাবছেন।

ক. ব্যবসায়ের নৈতিকতা কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ গুরুত্বপূর্ণ কেন? ২

গ. উদ্দীপকের চিকিৎসা কেন্দ্রটিতে দেশি ও বিদেশি দাতা সংস্থাগুলো অর্থের যোগান দিয়ে কোন ধরনের দায়িত্ব পালন করছেন? আলোচনা কর। ৩

ঘ. মি. জামিলের কার্যক্রমকে তুমি কীভাবে মূল্যায়ন করবে? মতামত দাও। ৪

৮ ▶ জনাব সাজেদুল তার বিনিয়োগ হতে ১২% আয় পেতে চায়। SDC ব্যাংক তাকে প্রস্তাব দেয় যে, যদি সে ১,০০,০০০ টাকা ৫ বছরের জন্য জমা রাখে তবে তাকে ১১.৭৫% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করা হবে। অন্যদিকে TBR ব্যাংক উক্ত জমাকৃত অর্থের ওপর ১১.৯০% অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. নামিক সুদের হার কী? ১

খ. সুদের হার চিরস্থায়ী বার্ষিক বৃত্তিকে কীভাবে প্রভাবিত করে? ২

গ. জনাব সাজেদুল SDC ব্যাংক থেকে ৫ বছরে কত টাকা পাবেন? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপক অনুযায়ী জনাব সাজেদুলের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক? বিশ্লেষণ কর। ৪

৯ ▶ জনাব পবন বিনিয়োগকৃত অর্থে ১০% আয় পেতে ইচ্ছুক। তিনি ৭ বছর মেয়াদি বন্ডের বাজার বিশ্লেষণ করে দেখেন। যা নিম্নে উল্লিখিত হলো :

| বিবরণ | লুকাস কোম্পানি | নেপচুন কোম্পানি |
|---|---|---|
| লিখিত মূল্য | ৩,০০০ | ২,০০০ |
| কুপন হার | ১২% | ১৪% |
| বাজারমূল্য | ৩,৫০০ | ২,২০০ |

উল্লেখ্য যে, নেপচুন কোম্পানি অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করে।

ক. পুট বন্ড কী? ১

খ. সরকারি বন্ডে কোন ধরনের ঝুঁকি থাকে না? ২

গ. উদ্দীপকের নেপচুন কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বন্ড দুইটির মধ্যে জনাব পবনের কোনটিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত? বর্ণনা কর। ৪

১০ ▶ মি. হিরা ১,০০,০০০ টাকা বিনিয়োগ করতে ইচ্ছুক। তাহার কাছে S ও R নামে দুইটি পরস্পর বর্জনশীল প্রকল্প রয়েছে। প্রকল্প দুটি হতে ৫ বছরে অবচয় ও করপরবর্তী নগদ প্রবাহ হবে–

| বছর | S-প্রকল্প | R-প্রকল্প |
|---|---|---|
| ১ | ৪০,০০০ | ২৫,০০০ |
| ২ | ৩৫,০০০ | ৪০,০০০ |
| ৩ | ৩০,০০০ | ৩০,০০০ |
| ৪ | ২০,০০০ | ৩৫,০০০ |
| ৫ | ১৫,০০০ | ১৫,০০০ |

ক. মূলধন রেশনিং কী? ১

খ. প্রকল্প পুনর্মূল্যায়ন করা হয় কেন? ২

গ. উদ্দীপক অনুযায়ী প্রকল্প S-এর পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. বাট্টাকৃত নগদ প্রবাহের ভিত্তিতে কোন প্রকল্পটি মি. হিরার গ্রহণ করা উচিত? মতামতসহ বিশ্লেষণ কর। ৪

১১ ▶ জনাব আমীন A, B ও C এই তিনটি সিকিউরিটির যেকোনো একটিতে বিনিয়োগ করতে চায়। তবে তিনি বিনিয়োগের ক্ষেত্রে অপরিহারযোগ্য ঝুঁকিকে গুরুত্ব দেন। সিকিউরিটি তিনটির তথ্য নিম্নরূপ :
সিকিউরিটি-A : ২০১৮, ২০১৯, ও ২০২০ সালের মুনাফার হার যথাক্রমে ৬%, ১২% ও ৮% এবং বাজার মুনাফার হার যথাক্রমে ১০%, ১৪% ও ৯%।
সিকিউরিটি-B : উক্ত সিকিউরিটির সাথে বাজার মুনাফা হারের সহ-ভেদাঙ্ক ১৩.৫% এবং আদর্শ বিচ্যুতি ১২%।
সিকিউরিটি-C : প্রত্যাশিত আয়ের হার ২০%, যেখানে ঝুঁকিমুক্ত আয়ের হার ৫% এবং বাজার মুনাফার হার ১০%।

ক. মূলধনী লাভ কী? ১

খ. বিনিয়োগ সিদ্ধান্তের ক্ষেত্রে ব্যবসায়িক ঝুঁকি বিবেচনা করতে হয় কেন? ২

গ. উদ্দীপক অনুযায়ী সিকিউরিটি-A এর সহ-ভেদাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. জনাব আমীনের উক্ত তিনটি সিকিউরিটির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা যৌক্তিক? মতামত দাও। ৪

# বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ ABC কোম্পানি বাংলাদেশের একটি সুপ্রতিষ্ঠিত ব্যবসায় প্রতিষ্ঠান। কোম্পানিটি ঔষধ এবং ভোগ্যপণ্য ব্যবসায় প্রসার করেছে। প্রতিষ্ঠানটি তাদের কাঙ্ক্ষিত মুনাফাও অর্জন করতে পেরেছে। ফলে শেয়ারবাজারে এই কোম্পানিটির শেয়ারের মূল্যও প্রতিবছর বৃদ্ধি পাচ্ছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. মুনাফা সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটি বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ABC কোম্পানি তার ব্যবসায়ের অর্থায়নের ক্ষেত্রে যে লক্ষ্য অর্জন করতে পেরেছে তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২▶ XYZ কোম্পানি লি. একটি চামড়া প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান। এটি তুরাগ নদীর তীরে অবস্থিত। প্রক্রিয়াজাতকরণের সময় এর বর্জ্য ও দূষিত পানি, বায়ু ও মাটিকে দূষিত করছে। এর জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ একটি পানি পরিশোধন যন্ত্র ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। যন্ত্রটি ক্রয় করার জন্য ৫ কোটি টাকা প্রয়োজন। এর আয়ুষ্কাল ১৫ বছর। কোম্পানিটি প্রতিবছর মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করে থাকে।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বোচ্চকরণ বলতে কী বোঝায়? ২

গ. পানি পরিশোধনকারী যন্ত্র ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে XYZ কোম্পানি লি.-এর বিনিয়োগ সিদ্ধান্তটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পৃক্ত? বিশ্লেষণ কর। ৪

৩▶ জনাব শাহীন জমি বিক্রয় করে ১০,০০,০০০ টাকা পেলেন। উক্ত টাকা তিনি M ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখলে ব্যাংক তাকে ১২,০০,০০০ টাকা প্রদান করবে। অন্যদিকে N ব্যাংকে ৮ বছরের জন্য জমা রাখলে ব্যাংক তাকে ১৪,৫০,০০০ টাকা প্রদান করবে।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত M ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. সুদের হারের ভিত্তিতে জনাব শাহীনের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে তা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪▶ মি. জাওয়াদ একজন চাকরিজীবী। তিনি অবসর ভাতা বাবদ ২০,০০,০০০ টাকা পেলেন। তিনি উক্ত টাকা একটি ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখার চিন্তা করছেন। ABC ব্যাংক তাকে ১২% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে এবং XYZ ব্যাংক তাকে ১০% ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. সময়ের পরিবর্তনের ফলে বর্তমান মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. মেয়াদ শেষে মি. জাওয়াদ ABC ব্যাংক হতে কত টাকা পাবেন? ৩

ঘ. মি. জাওয়াদের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে তা উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

৫▶ জনাব হাফিজ একটা ফ্ল্যাট ক্রয় করতে আগ্রহী। তার জন্য দুটি বিকল্প প্রস্তাব দেওয়া হলো। ১ম প্রস্তাবে তাকে ৪,০০,০০০ টাকা নগদে এবং অবশিষ্ট ৪,০০,০০০ টাকা দুই বছর শেষে দেওয়ার প্রস্তাব দেয়। ২য় প্রস্তাবে তাকে প্রতিবছরের শেষে ২,৩০,০০০ টাকা করে ৪ বছর ধরে টাকা প্রদানের প্রস্তাব দেওয়া হয়। উভয় ক্ষেত্রে সুযোগ ব্যয় ১০%।

ক. বাট্টাকরণ কী? ১

খ. 'বিধি-৭২' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ২য় প্রস্তাবের বর্তমান মূল্য কত? ৩

ঘ. জনাব হাফিজের জন্য কোন প্রস্তাবটি গ্রহণ করা উচিত হবে? বিশ্লেষণ কর। ৪

৬▶ জনাব মিনা তার ব্যাংকে রক্ষিত অর্থ বন্ডে বিনিয়োগ করতে ইচ্ছুক। তিনি বন্ড বাজারে ১০০০ টাকা লিখিত মূল্যের দুইটি বন্ড পছন্দ করেছেন। বন্ড দুটির তথ্য নিম্নরূপ :

| বন্ড | কুপন হার | বাজারমূল্য | মেয়াদকাল |
|---|---|---|---|
| A | ১৩% | ১,১৯০ টাকা | ৫ বছর |
| B | ১১% | ৮০০ টাকা | — |

জনাব মিনার প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. জিরো কুপন বন্ডের মূল্য কীভাবে নির্ণয় করা হয়? ২

গ. উদ্দীপকে বর্ণিত B বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. বন্ডের অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব মিনার জন্য কোন বন্ডটি উপযোগী? যুক্তি দাও। ৪

৭▶ জনাব নোমান দীর্ঘ প্রবাসজীবন কাটিয়ে দেশে ফিরে তার কাঙ্ক্ষিত ও কষ্টার্জিত সঞ্চয় লাভজনক খাতে বিনিয়োগ করতে চান। বন্ডের প্রয়োজনীয় তথ্যাবলি নিম্নরূপ :

| বন্ড | অভিহিত মূল্য | কুপন সুদের হার | মেয়াদ |
|---|---|---|---|
| M | ১,০০০ | ১৪% | ৫ বছর |
| Q | ৫০০ | — | ৫ বছর |

জনাব নোমানের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. ঋণপত্র কী? ১

খ. মুদ্রাস্ফীতি কীভাবে বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাবিত করে? ২

গ. উদ্দীপকে বর্ণিত Q বন্ডের মূল্য নির্ণয় কর। ৩

ঘ. যদি M বন্ড থেকে অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ পাওয়া যায় তা হলে কোন বন্ডে বিনিয়োগ লাভজনক হবে? মন্তব্য কর। ৪

৮▶ মুনস্টার লি.-এর আর্থিক ব্যবস্থাপক জনাব রহমানের নিকট বিনিয়োগের জন্য ১,০০,০০০ টাকা আছে। তিনি 'ক' ও 'খ' নামক দুটি বিনিয়োগ প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছেন। প্রকল্প দুটির কর পরবর্তী নিট মুনাফা নিম্নরূপ :

| প্রকল্প/সময় | ০ | ১ | ২ | ৩ |
|---|---|---|---|---|
| ক | (৫০,০০০) | ২৫,০০০ | ২৫,০০০ | ২৫,০০০ |
| খ | (৩০,০০০) | ৩০,০০০ | ২০,০০০ | ২৮,০০০ |

কোম্পানির সর্বনিম্ন প্রয়োজনীয় আয়ের হার ১০%।

ক. অভ্যন্তরীণ আয়ের হার কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প 'ক' এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে জনাব রহমানের বিনিয়োগ সিদ্ধান্ত কী হবে তা ব্যাখ্যা কর। ৪

৯▶ জনাব তারিমের বিনিয়োগযোগ্য তহবিল ৫০,০০০ টাকা তার উক্ত ফান্ড দুটি প্রকল্পে বিনিয়োগ করার সুযোগ রয়েছে। প্রকল্পের তথ্যসমূহ নিম্নরূপ :

| প্রকল্পের সময় (বছর) | ০ | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|---|
| A এর নিট নগদ প্রবাহ | (২০,০০০) | ৬,০০০ | ৬,০০০ | ৬,০০০ | ৬,০০০ |
| B এর নিট নগদ প্রবাহ | (৩০,০০০) | ৬,০০০ | ৮,০০০ | ১০,০০০ | ১০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন রেশনিং বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প-B এর PBP নির্ণয় কর। ৩

ঘ. জনাব তারিমের কোন প্রকল্পে বিনিয়োগ লাভজনক হবে? মূল্যায়ন কর। ৪

১০▶ জনাব বাবলা একজন সিকিউরিটি বিশ্লেষক। একজন বিনিয়োগকারীর নিম্নোক্ত দুটি সিকিউরিটির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা উচিত হবে সে সম্পর্কে জনাব বাবলার মতামত চান।

| সম্ভাবনা | প্রত্যাশিত আয়ের হার (%) | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| ০.২০ | –১৫% | ২০% |
| ০.৫০ | ২০% | ৩০% |
| ০.৩০ | ৬০% | ৪০% |

উপরিউক্ত তথ্যাবলি বিশ্লেষণ করে, জনাব বাবলা উক্ত বিনিয়োগকারীকে সিকিউরিটি B তে বিনিয়োগ করার পরামর্শ দেন।

ক. ঝুঁকিমুক্ত আয়ের হার কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. সিকিউরিটি-A এর আয়ের পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব বাবলা বিনিয়োগকারীকে যে পরামর্শ দিয়েছেন সেটির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

১১▶ নিম্নে দুটি প্রকল্পের বিগত চার বছরের আয়ের হার দেওয়া হলো :

| বছর | ২০১৫ | ২০১৬ | ২০১৭ | ২০১৮ |
|---|---|---|---|---|
| যমুনা প্রকল্পের আয় হার | ২০% | ৬% | ১৫% | ২৩% |
| পদ্মা প্রকল্পের আয় হার | ৫% | ১৫% | ২০% | ২৪% |

ক. অনিশ্চয়তা কী? ১

খ. বন্ডের বিনিয়োগকারীদের কোন ধরনের ঝুঁকি বহন করতে হয়? ব্যাখ্যা কর। ২

গ. যমুনা প্রকল্পের আদর্শ বিচ্যুতি নিরূপণ কর। ৩

ঘ. প্রকল্প দুটির মধ্যে কোনটি অধিকতর গ্রহণযোগ্য? গাণিতিক বিশ্লেষণের ভিত্তিতে যুক্তি দাও। ৪

# দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ জনাব মোস্তাক আহমেদ মুদি মালের পাইকার, অপরদিকে জনাব ইসতিয়াক মুদি মালের পাশাপাশি মনিহারি দ্রব্যের ব্যবসায় করেন। জনাব মোস্তাক আহমেদ অধিক লাভের আশায় অধিকাংশ নগদ মূলধন ব্যবসায় বিনিয়োগ করেন।

ক. অর্থায়ন কী? ১

খ. স্বল্পমেয়াদি সম্পদ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. জনাব ইসতিয়াক বিনিয়োগের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. জনাব মোস্তাকের বিনিয়োগ সিদ্ধান্ত কি জনাব ইসতিয়াকের বিনিয়োগ সিদ্ধান্ত অপেক্ষা বেশি ঝুঁকিপূর্ণ? যুক্তিসহ মতামত দাও। ৪

২ ▶ 'Y' লিমিটেড একটি নতুন প্রকল্পের জন্য ১,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চায়। প্রকল্পটির সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা, আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা, করহার ৫০%।

প্রকল্পটির নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| নগদ প্রবাহ (টাকা) | ২০,০০০ | ৫০,০০০ | ৪০,০০০ | ৬০,০০০ | ৩০,০০০ |

ক. মূলধন রেশনিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? উদাহরণ দাও। ২

গ. প্রকল্পটির পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩

ঘ. যদি বাট্টার হার ১০% হয় তবে NPV-এর মাধ্যমে প্রকল্পটির গ্রহণযোগ্যতা মূল্যায়ন কর। ৪

৩ ▶ জনাব আব্দুল আলিম একজন স্নাতক শ্রেণির শিক্ষার্থী। তিনি মূলধন বাজারে বিনিয়োগকারী। বাজার অস্থিরতার কারণে তিনি দুইটি সিকিউরিটিজের মধ্যে কোনটি তার পোর্টফোলিওতে অন্তর্ভুক্ত করবেন তা নিয়ে চিন্তিত। নিম্নে দুটি সিকিউরিটির আয়ের হারের তথ্য দেওয়া হলো :

| বছর | আয়ের হার | |
|---|---|---|
| | রাকিব ফুড্স লি. | জাকির ফুড্স লি. |
| ২০১৯ | ২২% | ২০% |
| ২০২০ | ১৫% | ২২% |
| ২০২১ | –১০% | ৭% |
| ২০২২ | ১৪% | –৮% |

ক. মিশ্র নগদ প্রবাহ কাকে বলে? ১

খ. পোর্টফোলিও বৈচিত্র্যায়ন বলতে কী বোঝায়? ২

গ. রাকিব ফুড্স লি.-এর গড় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. কোন সিকিউরিটিটি জনাব আব্দুল আলিম তার পোর্টফোলিওতে অন্তর্ভুক্ত করবেন? যুক্তিসহ মতামত দাও। ৪

৪ ▶ জনাব আব্দুল কাদির মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগ করার জন্য তিনি দুটি সিকিউরিটির নিম্নলিখিত তথ্য বিবেচনা করছেন :

| সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| .১৫ | ১০% | ১২% |
| .৩০ | ১৩% | ১৫% |
| .২৫ | ১৫% | ২০% |
| .৩০ | ১২% | ১৪% |

ক. মুনাফার হার কী? ১

খ. ঝুঁকি ও অনিশ্চয়তার মধ্যে পার্থক্য দেখাও। ২

গ. সিকিউরিটি-A এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা জনাব কাদিরের জন্য অধিক যুক্তিযুক্ত? মতামত দাও। ৪

৫ ▶ জনাব আব্দুল হাই এর হাতে দুটি প্রকল্প রয়েছে। প্রতিটি প্রকল্পে বিনিয়োগের পরিমাণ ২,২৫,০০০ টাকা। প্রকল্পের মেয়াদ ৫ বছর। প্রকল্পদ্বয় থেকে প্রত্যাশিত নিট আয় নিম্নরূপ :

| বছর | প্রকল্পের নিট আয় | |
|---|---|---|
| | প্রকল্প-X (টাকা) | প্রকল্প-Y (টাকা) |
| ১ | ৮০,০০০ | ৬০,০০০ |
| ২ | ১,২০,০০০ | ৮০,০০০ |
| ৩ | ৮০,০০০ | ৫০,০০০ |
| ৪ | ১,১০,০০০ | ১,০০,০০০ |
| ৫ | ১,০০,০০০ | ১,৪০,০০০ |

বাট্টা হার ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন বাজেটিং কীভাবে প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের X প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. NPV-এর ভিত্তিতে কোন প্রকল্পে বিনিয়োগ অধিকতর যৌক্তিক? মতামত বিশ্লেষণ কর। ৪

৬ ▶ জনাব সালমান বন্ডবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বন্ড A ও B এর মধ্যে যেকোনো একটিতে বিনিয়োগ করবেন। তার সিদ্ধান্ত যাচাইয়ের জন্য বন্ড দুটির প্রাসঙ্গিক তথ্যসমূহ নিম্নে দেওয়া হলো :

| বন্ড | অভিহিত মূল্য (টাকা) | কুপন সুদের হার | মেয়াদপূর্তির সময় | প্রত্যাশিত আয়ের হার | বাজারমূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| A | ১,০০০ | ১০% | ১৫ বছর | ৮% | ১,১০০ |
| B | ১,০০০ | ৫% | ১২ বছর | ৬% | ৯০০ |

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. চিরস্থায়ী বন্ড বলতে কী বোঝায়? ২

গ. A বন্ডের অন্তর্নিহিত মূল্য নির্ণয় কর। ৩

ঘ. কোন বন্ডটি অধিকতর লাভজনক বলে তুমি মনে কর? যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৭ ▶ কিউট ফার্মাসিটিক্যালস কোম্পানি লিমিটেড ২০২১ সনের জানুয়ারি ১ তারিখে ৪ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে; যার লিখিত মূল্য ১,০০০ টাকা। কুপন হার ১২%, সুদ অর্ধবার্ষিক ভিত্তিতে প্রদান করা হবে এবং বন্ডের প্রয়োজনীয় আয়ের হার ১৫%।

ক. ট্রেজারি বন্ড কী? ১

খ. কুপন আয়ের হার বন্ড আয়ের ওপর কী প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ২

গ. কিউট ফার্মাসিটিক্যালস কোম্পানি লি.-এর বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. যদি প্রয়োজনীয় আয়ের হার বৃদ্ধি পেয়ে ১৭% হয় এবং বাজারমূল্য ১,২৫০ টাকা হয় তবে বন্ডটি ক্রয়ের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮ ▶ জনাব আমীন একটি প্রতিষ্ঠানে কর্মরত। প্রতিষ্ঠানটি সেতু, রাস্তাঘাট, ফ্লাইওভার ইত্যাদি নির্মাণ করে। এ প্রতিষ্ঠানের আয়ের উৎস কর, ভ্যাট, শুল্ক ইত্যাদি। অপরদিকে জনাব সিজান 'বিজলী' কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনের তুলনায় কম নগদ অর্থ সংরক্ষিত রেখে বেশি মুনাফার আশায় একটি প্রকল্পে অধিক পরিমাণ বিনিয়োগ করেন। ফলে প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যক্রমে বিঘ্ন ঘটে এবং ঝুঁকি বৃদ্ধি পায়।

ক. কাকে ব্যবসায়ের জীবনীশক্তি বলা হয়? ১

খ. অর্থায়নের দৃষ্টিতে একটি ফার্মের মূল লক্ষ্য কী হওয়া উচিত? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আমীনের প্রতিষ্ঠানের অর্থায়নের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'বিজলী' কোম্পানির সমস্যা সমাধানের জন্য করণীয় সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৯ ▶ শাহীন বেভারেজ ও আলভী ফুড্স প্রডাক্টস উভয়ই বাজারে খাদ্যপণ্য উৎপাদন ও সরবরাহকারী প্রতিষ্ঠান। ব্যয় সংকোচন নীতির কারণে আলভী ফুস প্রডাক্ট এর কর্মচারীদের বেতন কাঠামো সমজাতীয় প্রতিষ্ঠানের তুলনায় কম। কিন্তু পণ্যের উৎপাদন ব্যয় কম হওয়ায় বিক্রয় এবং শেয়ারপ্রতি আয় বেশি। অপরদিকে শাহীন বেভারেজের কর্মচারীদের বেতন কাঠামো তুলনামূলক ভালো এবং মানসম্পন্ন পণ্য উৎপাদন করার কারণে মূল্য একটু বেশি হলেও পণ্যের যথেষ্ট সুনাম আছে। প্রতিষ্ঠানটি দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি দানের জন্য অর্জিত মুনাফার ১% ব্যয় করে থাকে।

ক. অর্থায়ন কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. আলভী ফুড্স প্রডাক্ট অর্থায়নের কোন লক্ষ অর্জন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "শাহীন বেভারেজের কার্যক্রমে অর্থায়নের সামাজিক দায়বদ্ধতা প্রভাব প্রতিফলিত হলেও আলভী ফুড্সের ক্ষেত্রে তা ততটা হয়নি"— তুমি কি এ উক্তির সাথে একমত? প্রয়োজনীয় যুক্তি দাও। ৪

১০ ▶ মি. আজমল Walton Co. তে ব্যবস্থাপক হিসেবে কর্মরত। তার ইচ্ছা এখন থেকে ছয় বছর পর ১২,০০,০০০ টাকা দিয়ে একটি গাড়ি কিনবেন। তিনি এমন একটি ব্যাংক হিসাব খুলতে চান যেখানে মাসে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা রাখলে ৬ বছর পরে অবশ্যই ১২,০০,০০০ টাকা পাবেন। ঐ হিসাব থেকে প্রত্যাশিত আয়ের হার ১০%। উল্লেখ্য যে, বর্তমানে গাড়িটির মূল্য ৯,০০,০০০ টাকা।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে অর্থের ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২

গ. মি. আজমলকে ঐ তহবিলে প্রতি মাসে কত টাকা জমা দিতে হবে? ৩

ঘ. মি. আজমলের জন্য মেয়াদ শেষে জমাকৃত টাকায় গাড়িটি ক্রয় করা কি উচিত হবে? মতামত বিশ্লেষণ কর। ৪

১১ ▶ P ও Q দুই বন্ধু। P তার সঞ্চিত ২,০০,০০০ টাকা একটি ব্যাংকে জমা রেখে ৫ বছর পর ৩,৫০,০০০ টাকা গ্রহণ করেন। অপরদিকে Q তার সঞ্চিত ১,০০,০০০ টাকা বিনিয়োগযোগ্য দুটি প্রকল্প থেকে একটি প্রকল্পে বিনিয়োগ করতে চান। প্রকল্প 'A' তে বিনিয়োগ করলে আগামী ৫ বছর যথাক্রমে ২০,০০০, ২৮,০০০, ২৬,০০০, ২৪, ০০০ ও ৫৮,০০০ টাকা পাবেন। অপরদিকে, প্রকল্প 'B' তে বিনিয়োগ করলে আগামী ৫ বছর ধরে প্রতিবছর ২৬,০০০ টাকা করে মুনাফা পাবেন। জনাব 'Q' এর প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. বর্তমান মূল্য কী? ১

খ. প্রকল্প মূল্যায়ন বলতে কী বোঝ? ২

গ. জনাব P এর বিনিয়োগের ওপর সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব Q এর বিনিয়োগের জন্য কোন প্রকল্পটি উত্তম? মূল্যায়ন কর। ৪

# ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 9 2

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ জনাব শাহাদাত একটি কর্পোরেট প্রতিষ্ঠানের অর্থ ব্যবস্থাপক। তিনি বার্ষিক পরিকল্পনার আওতায় তার প্রতিষ্ঠানের প্রয়োজনীয় অর্থের সংস্থানের জন্য কোন উৎস বেশি সুবিধাজনক হবে তা নির্ণয় করেন। অতঃপর যথাসময়ে অর্থ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করেন। যেকোনো নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে তিনি প্রথমেই সেখানে জমি ক্রয়, বিল্ডিং নির্মাণ, যন্ত্রপাতি ক্রয়সহ দীর্ঘমেয়াদি খরচ কী করতে হবে তা হিসাবে আনেন। প্রত্যাশিত আয় কি হবে সেটাও হিসাবে নিয়ে আসেন। এগুলোর আলোকে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. অর্থায়নে পোর্টফোলিও বৈচিত্র্যায়নের নীতি কেন অনুসরণ করা হয়? ২
গ. উদ্দীপকের বর্ণনা অনুযায়ী জনাব শাহাদাত প্রথমত অর্থায়নের কোন কাজ করেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শাহাদাত কোন নতুন প্রকল্প গ্রহণে মূলধন বাজেটিং করেন? তুমি কি এ বক্তব্যের সাথে একমত? মতের পক্ষে যুক্তি দাও। ৪

২▶ দুটি কোম্পানির তথ্যাবলি নিম্নরূপ :

| কোম্পানি | শেয়ার প্রতি লিখিত মূল্য (টাকা) | শেয়ারপ্রতি আয় (টাকা) | | শেয়ারের বাজারমূল্য (টাকা) | |
|---|---|---|---|---|---|
| | | ২০২১ সাল | ২০২২ সাল | ২০২১ সাল | ২০২২ সাল |
| কেয়ার | ১০ | ২ | ৪ | ১২ | ১২ |
| মডেল | ১০ | ১.৫ | ১.৫ | ১২ | ১৫ |

ক. সরকারি অর্থায়ন কী? ১
খ. অর্থায়ন ও হিসাববিজ্ঞানের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কেয়ার কোম্পানি অর্থায়নের কোন লক্ষ্যটি অর্জন করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে মডেল কোম্পানি অর্থায়নের যে লক্ষ্যটি অর্জন করেছে তা কেয়ার কোম্পানি কর্তৃক অর্জিত লক্ষ্যের অনুরূপ নয়।"— তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

৩▶ জনাব কামাল বিদেশ যাওয়ার আগে ডাচ্-বাংলা ব্যাংকে একটি 'ফরেন-ডিপোজিট স্কিম' চালু করে গেছেন। বিদেশে চাকরি থেকে অর্জিত আয় কামাল সাহেব প্রতি মাসের শুরুতে সরাসরি ব্যাংকে পাঠিয়ে দেয়। ডাচ্-বাংলা ব্যাংক 'ফরেন-ডিপোজিট স্কিম' এ জমাকৃত অর্থের ওপর মাসিক ১২% চক্রবৃদ্ধি সুদ প্রদান করে।

ক. নামিক সুদের হার কী? ১
খ. নামিক সুদের হার এবং কার্যকরী সুদের মধ্যে দুটি মৌলিক পার্থক্য দেখাও। ২
গ. ডাচ্-বাংলা ব্যাংকের নামিক সুদের হার এবং কার্যকরী সুদের হার কত? ৩
ঘ. জনাব কামাল যদি প্রতি মাসের শুরুতে চক্রবৃদ্ধির সুবিধা পান তাহলে তার কার্যকরী সুদের ওপর কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

৪▶ যমুনা টেক্সটাইল লিমিটেড ২০২২ সালের জুন মাসে ৫ বছর মেয়াদি পরিশোধযোগ্য অগ্রাধিকার শেয়ার বিক্রয় করে ৫,০০,০০০ টাকা অতিরিক্ত মূলধন সংগ্রহ করেছিল। ২০২৭ সালের জুন মাসে অগ্রাধিকার শেয়ারের দায়মোচন করতে হবে, অর্থাৎ ৫,০০,০০০ টাকা পরিশোধ করে দিতে হবে। দায় পরিশোধের বছর প্রতিষ্ঠানের ওপর যেন কোনো বাড়তি চাপ সৃষ্টি না হয় সেজন্য পরিচালকমণ্ডলী প্রতিপূরক তহবিল গঠনের সিদ্ধান্ত নিয়েছেন। প্রতি বছরের শেষে অর্জিত মুনাফা থেকে ৯০,০০০ টাকা এই তহবিলে প্রদান করা হবে এবং তহবিলটি মেঘনা ব্যাংকে ১২% চক্রবৃদ্ধি সুদে বিনিয়োগ করা হবে। এর ফলে ২০২৭ সালে ঋণ পরিশোধ করতে প্রতিষ্ঠানকে বাড়তি কোনো ঝামেলা পোহাতে হবে না।

ক. প্রকল্প কী? ১
খ. সাধারণ বৃত্তি ও অগ্রিম বৃত্তি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. ২০২৭ সালের জুন মাসে মেঘনা ব্যাংকে বিনিয়োজিত প্রতিপূরক তহবিল থেকে সুদ-আসলে মোট কত টাকা পাওয়া যাবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতিপূরক তহবিল থেকে প্রাপ্ত সুদ-আসলের পরিমাণটি কী ঋণের সমপরিমাণ হবে? যদি না হয় তাহলে প্রতি কিস্তিতে কত টাকা জমা দিলে ৫,০০,০০০ টাকা ঋণ পরিশোধ করা যাবে? ব্যাখ্যা কর। ৪

৫▶ মি. সামাদ AB লি.-এর ১,০০০ টাকা লিখিত মূল্যের ৫ বছর মেয়াদি একটি বন্ড ক্রয়ের কথা বিবেচনা করছেন। বন্ডটির কুপন রেট ৭% এবং বিনিয়োগকারীর প্রত্যাশিত আয়ের হার ৮%। বন্ডটির বর্তমান বাজারমূল্য ৯৫০ টাকা।

ক. বন্ড কী? ১
খ. কুপন বন্ড ও শূন্য কুপন বন্ডের মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর। ২
গ. মি. সামাদ যে বন্ডটি ক্রয় করতে চাচ্ছেন সেটির মেয়াদপূর্তিতে উপার্জন হার কত? ৩
ঘ. যদি মি. সামাদের প্রত্যাশিত আয়ের হার ১০% হয়, তবে তিনি কি বন্ডটি ক্রয় করবেন? বিশ্লেষণ কর। ৪

৬▶ মি. শামস্ তার সঞ্চয় বিনিয়োগে আগ্রহী। সে বাজার জরিপ করে দুটো বন্ড নির্বাচন করেছে। উভয় বন্ডের অভিহিত মূল্য ১০০ টাকা। বন্ডগুলোর বিস্তারিত তথ্যাবলি নিম্নরূপ :

| বন্ড | কুপন রেট | বাজারমূল্য (টাকা) | মেয়াদকাল |
|---|---|---|---|
| X | ১২.৫০% | ১২৫ | ১০ বছর |
| Y | ১১% | ৯০ | — |

মি. শামসের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১
খ. দীর্ঘমেয়াদি অর্থায়ন এক প্রকার হাইব্রিড সিকিউরিটি। ব্যাখ্যা কর। ২
গ. X বন্ডের মেয়াদপূর্তিতে উপার্জন হার নির্ণয় কর। ৩
ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে মি. শামসের কোন বন্ডে বিনিয়োগ উপযুক্ত? বিশ্লেষণ কর। ৪

৭▶ জনাব জহিরের বিনিয়োগযোগ্য তহবিল ১,০০,০০০ টাকা। তার এ তহবিল দুটি প্রকল্পে বিনিয়োগ করার সুযোগ রয়েছে।

প্রকল্পের তথ্যসমূহ নিম্নরূপ :

| প্রকল্পের সময় (বছর) | ০ (টাকা) | ১ (টাকা) | ২ (টাকা) | ৩ (টাকা) | ৪ (টাকা) |
|---|---|---|---|---|---|
| A এর নিট নগদ প্রবাহ | (৪০,০০০) | ১২,০০০ | ১২,০০০ | ১২,০০০ | ১২,০০০ |
| B এর নিট নগদ প্রবাহ | (৬০,০০০) | ১২,০০০ | ১৬,০০০ | ২০,০০০ | ২৪,০০০ |

বিনিয়োগের প্রত্যাশিত আয়ের হার ১০% এবং ভগ্নাবশেষ মূল্য উভয় প্রকল্পে ১০,০০০ টাকা।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. মূলধন রেশনিং কীভাবে করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তথ্যের আলোকে প্রকল্প A এর PBP নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে জনাব জহিরের কোন প্রকল্পে বিনিয়োগ যৌক্তিক হবে? বিশ্লেষণ কর। ৪

৮▶ জনাব মতিন সাহেব ৫,০০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করতে চাচ্ছেন। মেশিনটির করপরবর্তী মুনাফা নিম্নরূপ :

| বছর | টাকা |
|---|---|
| ১ম | ১,০০,০০০ |
| ২য় | ১,১০,০০০ |
| ৩য় | ১,৪০,০০০ |
| ৪র্থ | ১,৫০,০০০ |
| ৫ম | ২,৫০,০০০ |

মতিন সাহেবের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. অবচয় কী? ১
খ. প্রকল্প মূল্যায়নে NPV-এর ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. মেশিনটি থেকে মতিন সাহেব গড়ে কী হারে মুনাফা অর্জন করবে তা নির্ণয় কর। ৩
ঘ. IRR-এর ভিত্তিতে তার মেশিনটি ক্রয়ের সিদ্ধান্ত কী হওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

৯▶ জনাব হাসান দুটি প্রকল্পের মধ্যে একটিতে বিনিয়োগের চিন্তা করছেন। নিকট অতীতে সম্পাদিত অনুরূপ দুটি প্রকল্পের ভিত্তিতে প্রয়োজনীয় তথ্যাবলি নিম্নরূপ :

| অর্থনৈতিক পরিস্থিতি | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | প্রকল্প-X | প্রকল্প-Y |
| ভালো | .২০ | ২৫% | ৩০% |
| স্বাভাবিক | .৫০ | ১০% | ৮% |
| মন্দা | .৩০ | ৩% | ৩% |

X প্রকল্পের প্রত্যাশিত আয় ১০.৯%।

ক. কোম্পানি ঝুঁকি কী? ১
খ. ঝুঁকি ও আয়ের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. Y প্রকল্পের প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. কোন প্রকল্পটি জনাব হাসানের জন্য অধিক উপযুক্ত? যুক্তিসহ মন্তব্য কর। ৪

১০▶ জনাব আজিম নিচের দুটি সিকিউরিটির মধ্যে ভালো সিকিউরিটিতে বিনিয়োগে আগ্রহী। সিকিউরিটি দুটির আয়ের হার নিম্নে দেওয়া হলো :

| বছর | ১ম | ২য় | ৩য় | ৪র্থ |
|---|---|---|---|---|
| সিকিউরিটি-M | –১০% | ৫% | ২০% | ৩৫% |
| সিকিউরিটি-N | ১৯% | ২১% | ১৫% | ৯% |

ক. পোর্টফোলিও ঝুঁকি কী? ১
খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২
গ. সিকিউরিটি-M এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩
ঘ. কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা জনাব আজিমের জন্য লাভজনক হবে? বিশ্লেষণ কর। ৪

১১▶ দৈনিক পত্রিকায় প্রকাশিত বিবরণ পড়ে জনাব তানহা দুরন্ত কোম্পানির ১০০ টাকা লিখিত মূল্যের ২,০০০ শেয়ার ক্রয়ের আবেদন করে। লটারির মাধ্যমে সে ১,০০০ শেয়ার পায়। তবে সে তার কাছে থাকা কিছু পুরাতন শেয়ার বিক্রি করে দিলেন। জনাব তানহার বন্ধু জনাব মিনহাজ শেয়ারবাজারের সাথে নিয়মাবলি পালন করে তানহার বিক্রি করা শেয়ারগুলো ক্রয় করেন। কিন্তু হঠাৎ করে বাজার সংশোধনের কারণে শেয়ারের দাম ব্যাপক ধস নামায় মিনহাজ চরম দুশ্চিন্তায় পড়ে যান।

ক. শেয়ারবাজার কী? ১
খ. শংকরজাতীয় সিকিউরিটি কী? ব্যাখ্যা কর। ২
গ. তানহা কোন ধরনের বাজার থেকে শেয়ার ক্রয় করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. "তানহা যে বাজার থেকে শেয়ার ক্রয় করেছেন তার সাথে মিনহাজ কর্তৃক ক্রয়কৃত শেয়ারের বাজার সম্পূর্ণ ভিন্ন।"— উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

# ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ করোনা ভাইরাসের ভ্যাকসিন তৈরির জন্য জেনিথ কোম্পানি ১ কোটি টাকা মূল্যের একটি নতুন মেশিন স্থাপন করেন। উক্ত অর্থ তারা এমন উৎস থেকে সংগ্রহ করবে যেখানে কর সুবিধা বিদ্যমান। কিন্তু অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠান ঐ কোম্পানির সিদ্ধান্তে অংশ নিতে পারবে না। অন্যদিকে ঔষধের উৎপাদন খরচ বেশি হলেও কোম্পানিটি করোনা প্রতিরোধে বিনামূল্যে মাস্ক ও হ্যান্ড সেনিটাইজার বিতরণ করে। ফলে সমাজে কোম্পানিটির সুনাম বৃদ্ধি পায়।

ক. একটি ফার্মের চূড়ান্ত লক্ষ্য কী? ১

খ. তহবিল সংগ্রহ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক অনুযায়ী জেনিথ কোম্পানি নতুন মেশিনের জন্য কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটির সম্পদ সর্বাধিকরণে অর্থায়নের কোন ধারণা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে? বিশ্লেষণ কর। ৪

২ ▶ জনাব লিয়ন ৬ বছর পর একটি ফ্লাট ক্রয় করতে ইচ্ছুক। যাহার মূল্য তখন হবে ৫০,০০,০০০ টাকা। তাই জনাব লিয়ন ইষ্ট ব্যাংকে ৫,০০,০০০ টাকা জমা রাখতে চায় যাহা ৬ বছর পর দ্বিগুণ হবে। অবশিষ্ট ৪০,০০,০০০ টাকা সংগ্রহের জন্য তিনি নর্থ ও সাউথ নামে দুইটি ব্যাংকের সাথে যোগাযোগ করলে ব্যাংক দুইটি জানায় প্রথমত নর্থ ব্যাংক বছরের প্রথমে জমাকৃত অর্থের উপর বার্ষিক ১২% চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়। দ্বিতীয়ত সাউথ ব্যাংক বছরের শেষে জমাকৃত অর্থের উপর ১০% অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. ৬৯ বিধি কী? ১

খ. অর্থের ক্রয়ক্ষমতা মুদ্রাস্ফীতি দ্বারা কীভাবে প্রভাবিত হয়? ২

গ. উদ্দীপক অনুযায়ী জনাব লিয়নের ইষ্ট ব্যাংকে জমাকৃত অর্থের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব লিয়নের কোন উৎস থেকে অর্থ সংগ্রহ করা উচিত বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৩ ▶ জনাব হেলাল একজন ঠিকাদার। তাহার চুক্তিভিত্তিক কাজসমূহ সঠিক সময়ে সম্পন্ন করার জন্য একটি মিকচার মেশিন ও একটি খোয়া ভাঙা মেশিন দরকার। প্রতিটি মেশিনের দাম ১,০০,০০০ টাকা। আগামি ৫ বছর পর মিকচার মেশিনটি ৫০,০০০ টাকায় এবং খোয়া ভাঙা মেশিনটি ১০,০০০ টাকায় বিক্রয় করা যাবে। মিকচার মেশিনটি থেকে উক্ত ৫ বছরে অবচয় ও কর পূর্ব মুনাফা হবে যথাক্রমে ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা, ২০,০০০ টাকা, ২৫,০০০ টাকা ও ৩০,০০০ টাকা। কর হার ২৫% এবং অবচয় সরলরৈখিক পদ্ধতিতে নির্ণয় করা হয়। অপরদিকে খোয়া ভাঙা মেশিনটি হতে প্রতি বছর ১৫,০০০ টাকা আয় হবে। বাট্টার হার ১২%। তিনি যেকোনো একটি মেশিন ক্রয় করতে ইচ্ছুক।

ক. নগদ প্রবাহ কী? ১

খ. আন্তঃআয় হার পদ্ধতিতে কীভাবে প্রকল্প মূল্যায়ন করা হয়? ২

গ. উদ্দীপক অনুযায়ী মিকচার মেশিনটির মূল্য কত বছরে ফেরত পাওয়া যাবে? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব হেলালের কোন মেশিনটি ক্রয় করা উচিত? বাট্টাকৃত নগদ প্রবাহের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব ইকবাল চাকরির পাশাপাশি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিভিন্ন অর্থনৈতিক অবস্থা বিবেচনা করে বিনিয়োগের জন্য ই ও এফ নামে দুইটি শেয়ার পছন্দ করেছেন। শেয়ার দুইটির আয়ের হার ও সম্ভাবনা নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার (%) | |
|---|---|---|---|
| | | ই | এফ |
| আশাব্যাঞ্জক | ০.৩০ | ২৫ | ২০ |
| স্বাভাবিক | ০.৪০ | ৩৫ | ৩০ |
| হতাশাজনক | ০.১০ | ১৫ | ১০ |

শেয়ার দুইটির প্রত্যাশিত আয়ের হার যথাক্রমে ২৩% ও ১৯%।

ক. অনিশ্চয়তা কী? ১

খ. বাজার ঝুঁকিকে নিয়ন্ত্রণ করা যায় না কেন? ২

গ. উদ্দীপক অনুযায়ী এফ শেয়ারের পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শেয়ার দুইটির মধ্যে জনাব ইকবাল কোন শেয়ারটি ক্রয় করবেন? ঝুঁকি বিবেচনায় বিশ্লেষণ কর। ৪

৫ ▶ জনাব তুহিন তার বিনিয়োগ থেকে ১০% আয় পেতে চায়। তিনি লক্ষ করেন লুকাস কোম্পানি ৭ বছর মেয়াদি একটি বন্ড বাজারে ছেড়েছে। যাহার লিখিত মূল্য ৩,০০০ টাকা এবং ১২% কুপন হারে ৩,৫০০ টাকায় বিক্রয় হচ্ছে। অপরদিকে সুরমা কোম্পানিও ৭ বছর মেয়াদি ২,০০০ টাকা মূল্যে একটি বন্ড বাজারে ইস্যু করেছে। যাহার কুপন হার ১৪% এবং বাজারমূল্য ২,২০০ টাকা।

ক. আয় বন্ড কী? ১

খ. কোন ধরনের শেয়ারে সাধারণ শেয়ার ও বন্ডের বৈশিষ্ট্য বিদ্যমান? ২

গ. উদ্দীপকে উল্লিখিত লুকাস কোম্পানির বন্ডের অভ্যন্তরীণ আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বন্ড দুইটির মধ্যে জনাব তুহিনের কোন বন্ড ক্রয় করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৬ ▶ জনাব আজিজ একজন ব্যবসায়ী। তার মোট মূলধন ১০ লক্ষ টাকার মধ্যে ৮ লক্ষ টাকা শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তাহার বিবেচ্য চারটি কোম্পানির তথ্য নিম্নরূপ :

| কোম্পানি | প্রত্যাশিত আয়ের হার | পরিমিত ব্যবধান |
|---|---|---|
| ক | ২০% | ১০% |
| খ | ১৬% | ৮% |
| গ | ১২% | ৫% |
| ঘ | ৮% | ০% |

উপরিউক্ত তথ্যাদি বিশ্লেষণ করে তিনি কোম্পানি খ-এ বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেন। অবশিষ্ট ২ লক্ষ টাকা দৈনন্দিন ব্যবসায়িক কাজ পরিচালনার জন্য তিনি সংরক্ষণ করে রাখেন।

ক. লভ্যাংশ কী? ১

খ. সরকার তার মূল লক্ষ্য অর্জনে কীভাবে অর্থায়ন করে থাকে? ২

গ. জনাব আজিজ ব্যবসা পরিচালনায় অর্থায়নের কোন নীতি অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আজিজের বিনিয়োগ সিদ্ধান্তটি কি সঠিক? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৭ ▶ জনাব রাকিব একজন সরকারি কর্মচারী। তিনি দিনাজপুর শহরের সুইহারী এলাকায় ২০,০০,০০০ টাকায় একটি জমি ক্রয় করতে ইচ্ছুক। তাই তিনি ১০% সুদে বার্ষিক কিস্তিতে ৪ বছরের জন্য 'আস্থা ব্যাংক' থেকে ঋণ গ্রহণের প্রস্তাব দেয়। যাহার প্রথম কিস্তি পরবর্তী মাসের ঋণ গ্রহণের তারিখে পরিশোধ করতে হবে।

ক. অগ্রিম অ্যানুইটি কী? ১

খ. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে কেন অর্থের সময়মূল্য বিবেচনা করতে হয়? ২

গ. উদ্দীপক অনুযায়ী জনাব রাকিব প্রতিবারে কী পরিমাণ অর্থ 'আস্থা ব্যাংক' কে পরিশোধ করবে? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব রাকিবের ঋণের প্রতিটি কিস্তির সুদ ও আসলের পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▶ মি. কাদের একজন কৃষিবিদ। তিনি তার কার্যক্রম পরিচালনার জন্য একটি আধুনিক মেশিন স্থাপনের কথা ভাবছেন। যাহাতে পণ্য উৎপাদন ব্যয় সর্বনিম্ন হয়। এক্ষেত্রে তিনি মেশিনের নগদ আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ এর বর্তমান মূল্য শূন্য হয় এমন একটি পদ্ধতি অনুসরণ করেন। সেইসাথে মেশিনটির কার্যক্রম মূল্যায়নের মাধ্যমে বিনিয়োগকৃত অর্থ দ্রুত ফেরত পাওয়ার প্রত্যাশা করেন। উক্ত মেশিনটির ক্রয়মূল্য ১,০০,০০০ টাকা। মি. কাদের আশা করছে যে, মেশিনটি থেকে আগামী ৫ বছর আয় হবে যথাক্রমে ২৫,০০০ টাকা, ৪০,০০০ টাকা, ৩৫,০০০ টাকা, ৩০,০০০ টাকা ও ১৫,০০০ টাকা। মেশিনটির মূলধনী ব্যয় ১৪%।

ক. মূলধন নিয়ন্ত্রণ কী? ১

খ. গড় মুনাফা হারের দুটি সুবিধা উল্লেখ কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মি. কাদের অর্থায়নের কোন ধরনের কার্যক্রম সম্পাদন করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মেশিনটি মি. কাদেরের ক্রয় করার সিদ্ধান্তটি আন্তঃআয় হারের ভিত্তিতে বিশ্লেষণ কর। ৪

৯ ▶ হানিফ একজন বিনিয়োগকারী। তিনি নিম্নের দুইটি কোম্পানির যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। কোম্পানি দুইটির তথ্য হলো :

| বিবরণ | প্রত্যাশা কোম্পানি | রূপালী কোম্পানি |
|---|---|---|
| বন্ডের লিখিত মূল্য | ২,৫০০ টাকা | ২,৫০০ টাকা |
| কুপন হার | — | ১২% |
| মেয়াদকাল | ৫ বছর | — |
| প্রত্যাশিত আয়ের হার | ১০% | ১৫% |
| বর্তমান বাজারমূল্য | ২,০০০ টাকা | ২,৮০০ টাকা |

ক. স্টক কী? ১

খ. কখন বন্ডের বাজারমূল্য ও লিখিত মূল্য সমান হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রূপালী কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বন্ড দুইটির মধ্যে জনাব হানিফ কোন বন্ডে বিনিয়োগ করবে? মতামত দাও। ৪

১০ ▶ জানব সৌরভ P ও Q নামক দুইটি কোম্পানির মধ্যে যেকোনো একটিতে বিনিয়োগ করতে আগ্রহী। বিনিয়োগের ক্ষেত্রে তিনি বাজার ঝুঁকিকে বিশেষভাবে বিবেচনা করেন। বিগত ৩ বছরের P ও Q কোম্পানির বাজার মুনাফার হার দেওয়া হলো :

| বছর | P কোম্পানি % | Q কোম্পানি % | বাজার মুনাফার হার (%) |
|---|---|---|---|
| ২০১৬ | ১০ | ৮ | ১০ |
| ২০১৭ | ২০ | ১৫ | ১৫ |
| ২০১৮ | ৮ | ৬ | ৭ |

ক. তারল্য ঝুঁকি কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে মূলধন গঠনে সহায়তা করে? ২

গ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে P কোম্পানির সহ-ভেদাঙ্ক নির্ণয় কর। ৩

ঘ. জনাব সৌরভের কোন কোম্পানিতে বিনিয়োগ করা যুক্তিসংগত হবে? মতামত দাও। ৪

১১ ▶ সোনালী লি. এর অতিরিক্ত মূলধনের প্রয়োজন হওয়ায় ২,০০০ শেয়ার বিক্রয়ের সিদ্ধান্ত নেন। এই শেয়ারহোল্ডারগণের কোনো ভোটাধিকার নাই, তবে নির্দিষ্ট হারে লভ্যাংশ পাবে। অন্যদিকে ইস্যুকৃত শেয়ারের মধ্যে ১,৫০০ শেয়ারের মালিকগণ পূর্ববর্তী বছরের বকেয়া লভ্যাংশ পরবর্তী বছরে প্রাপ্তির সুযোগ পাবেন। অবশিষ্ট ৫০০ শেয়ারের কোনো মেয়াদ নাই তবে মালিকগণ ৫ বছর পর কোম্পানির ভোটাধিকার পাওয়ার দাবিদার।

ক. পুট বন্ড কী? ১

খ. নিমজ্জিত তহবিল সৃষ্টি করা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সোনালী লি. কর্তৃক ইস্যুকৃত ১,৫০০ শেয়ার কোন ধরনের শেয়ার? ব্যাখ্যা কর। ৩

ঘ. মেয়াদহীন ৫০০টি শেয়ারের মালিকগণকে ভোটাধিকার প্রদানের কারণ ও ঐসব শেয়ারের ধরন বিশদভাবে ব্যাখ্যা কর। ৪

# রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 292

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ মেঘনা কোম্পানি উৎপাদিত পণ্যের মানের উপর গুরুত্ব দেয় এবং ভোক্তা ও শ্রমিকদের স্বার্থ বিবেচনা করে। কোম্পানি মুনাফার একটি অংশ লভ্যাংশ হিসাবে বণ্টন করে এবং প্রকল্প বিনিয়োগে অর্থের সময়মূল্য বিবেচনা করে। ফলে কোম্পানির বাজার দ্রুত সম্প্রসারিত হচ্ছে।

ক. লভ্যাংশ সিদ্ধান্ত কী? ১

খ. তারল্য ও মুনাফা নীতি বলতে কী বোঝায়? ২

গ. মেঘনা কোম্পানি অর্থায়নের কোন দায়িত্ব পালন করতেছে? আলোচনা কর। ৩

ঘ. মেঘনা কোম্পানি কর্তৃক অনুসৃত অর্থায়নের লক্ষ্যটি আলোচনা কর। ৪

২▶ মি. রহমান স্কয়ার লি. এর একজন আর্থিক ব্যবস্থাপক। তার কোম্পানির ব্যাংকে ৫০,০০,০০০ টাকা জমা আছে। তিনি উক্ত টাকা তিনটি প্রকল্পে বিনিয়োগ করেন। প্রথম প্রকল্পে তিনি ক্ষতির সম্মুখীন হন কিন্তু ২য় ও ৩য় প্রকল্পে তিনি মুনাফা অর্জন করেন।

ক. তারল্য কী? ১

খ. পোর্টফোলিও নীতি কেন গ্রহণ করা হয়? ২

গ. উদ্দীপকে অর্থায়নের কোন কার্যাবলির উল্লেখ আছে? আলোচনা কর। ৩

ঘ. মি. রহমান অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? আলোচনা কর। ৪

৩▶ জনাব সরোয়ার একজন কৃষক যার কাছে ২,০০,০০০ টাকা রয়েছে। তিনি একটি মৎস্য প্রকল্পে বিনিয়োগ করতে চান যা থেকে আগামী ৫ বছর যথাক্রমে ৪০,০০০ টাকা, ৫৬,০০০ টাকা, ৪২,০০০ টাকা, ২৫,০০০ টাকা এবং ৮০,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে তার বন্ধু তাকে পরামর্শ দেয় পোল্ট্রি ফার্মের ব্যবসা করতে যা হতে আগামী ৫ বছর প্রতি বছর শেষে ৫০,০০০ টাকা করে পাওয়া যাবে। প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. সরল সুদ কী? ১

খ. বর্তমান মূল্য অপেক্ষা ভবিষ্যৎ মূল্য বেশি হয়– ব্যাখ্যা কর। ২

গ. সরোয়ার সাহেবের মৎস্য প্রকল্প থেকে নগদ আন্তঃপ্রবাহের মোট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. সরোয়ার সাহেবের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

৪▶ জনাব সুমন একজন উদ্যোক্তা হওয়ার স্বপ্ন ছোটবেলা থেকে দেখছেন। বিশ্ববিদ্যালয়ে পড়াকালীন সময় থেকে তিনি বার্ষিক ৫০,০০০ টাকা করে ১২% হারে ১০ বছর মেয়াদি একটি ডিপিএস করেন। তার স্বপ্নের ব্যবসায়টি চালু করার জন্য ১০,০০,০০০ টাকা প্রয়োজন।

ক. সাধারণ বার্ষিকী কী? ১

খ. কার্যকরী সুদের হার বলতে কী বোঝায়? ২

গ. ১০ বছর পরে সুমন কত টাকা ডিপিএস থেকে পেয়েছিলেন? ৩

ঘ. উদ্দীপকের আলোকে ব্যবসায় আরম্ভের জন্য সুমনের বার্ষিক কত টাকা ডিপিএস হিসেবে জমানো উচিত? বিশ্লেষণ কর। ৪

৫▶ জনাব সেলিম অবসর গ্রহণের পর ৮,০০,০০০ টাকা পান। তিনি উক্ত অর্থ ৫ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। তার কাছে দুটি বিকল্প রয়েছে। সোনালী ব্যাংক ১২% সরল সুদে ও রূপালী ব্যাংক ১০% চক্রবৃদ্ধি সুদ প্রদানে আগ্রহী। ব্যাংক ছাড়াও এলিকো বিমা কোম্পানি ৫ বছর শেষে ১২,০০,০০০ টাকা প্রাপ্তির একটি বিকল্প প্রস্তাব তার কাছে রয়েছে।

ক. বিধি ৭২ কী? ১

খ. অর্থের সময়মূল্য কেন পছন্দনীয়? ব্যাখ্যা কর। ২

গ. সেলিম সাহেব রূপালী ব্যাংক থেকে ৫ বছর পর কত টাকা পাবেন? ৩

ঘ. উদ্দীপকের কোন বিকল্পটি জনাব সেলিমের গ্রহণ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

৬▶ জব্বার সাহেব প্রতিটি ১০,০০০ টাকা মূল্যের ৮% কুপন বন্ড ১০,২০০ টাকায় ক্রয় করেন। বন্ডের মেয়াদ ১০ বছর। মেয়াদপূর্তিতে বন্ডটি ১০% অধিহারে পরিশোধ করতে হবে। প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. চিরস্থায়ী বন্ড কী? ১

খ. সংরক্ষিত আয় বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বন্ডটির মেয়াদপূর্তিতে আয়ের হার কত? ৩

ঘ. উদ্দীপকের বন্ডটি কী ক্রয় করা লাভজনক? যুক্তিসহ মতামত দাও। ৪

৭▶ মিস স্বর্ণা বন্ড বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুইটি বন্ড বিবেচনা করছেন :

| বন্ড | সুদের হার | মেয়াদ | বাজারমূল্য |
|---|---|---|---|
| P | ১২% | ৬ বছর | ১,১০০ |
| Q | ১১% | ৬ বছর | ১,০৫০ |

উভয় বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। মিস স্বর্ণার প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. কুপন বন্ড কী? ১

খ. ট্রেজারি বন্ড বলতে কী বোঝ? ২

গ. 'P' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. বর্তমান মূল্যের আলোকে মিস স্বর্ণার কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৮▶ মি. সালাম দুটি প্রকল্পের মধ্যে যেকোনো একটি প্রকল্পে বিনিয়োগের জন্য সিদ্ধান্ত নিতে চান। প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৫০,০০০ টাকা এবং বাট্টার হার ১০%। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| প্রকল্প | নগদ আন্তঃপ্রবাহ (টাকা) | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
| প্রকল্প-১ | ১২,০০০ | ১৮,০০০ | ৩০,০০০ | ১৬,০০০ | ২২,০০০ |
| প্রকল্প-২ | ১৮,০০০ | ২০,০০০ | ২২,০০০ | ২৪,০০০ | ১৮,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্প-১ এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. মি. সালামের নিট বর্তমান মূল্যের আলোকে কোন প্রকল্পে বিনিয়োগ করা লাভজনক? মূল্যায়ন কর। ৪

৯▶ রায়হান লিমিটেড কোম্পানি একটি প্রকল্পে ৫,০০,০০০ টাকা বিনিয়োগে আগ্রহী যার ভগ্নাবশেষ মূল্য ৩৫,০০০ টাকা। কোম্পানির করের হার ৩০% এবং মূলধন ব্যয় ১২%। প্রকল্পটির করপূর্ববর্তী তথ্যাবলি নিম্নরূপ :

| বছর | করপূর্ববর্তী মুনাফা |
|---|---|
| ১ | ১,০০,০০০ |
| ২ | ১,২০,০০০ |
| ৩ | ৯০,০০০ |
| ৪ | ১,৫০,০০০ |
| ৫ | ১,৭০,০০০ |

SURE SUCCESS

ক. মূলধন রেশনিং কী? ১

খ. মূলধন বাজেটিং মুনাফা অর্জনের ক্ষমতা বৃদ্ধি করে– ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্পটির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ উপার্জন হারের মাধ্যমে প্রকল্পের বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

১০▶ দুটি প্রকল্পের বিগত তিন বছরের আয়ের হার নিম্নরূপ :

| বছর | প্রকল্প-ক | প্রকল্প-খ |
|---|---|---|
| ২০১৮ | ৮% | ১০% |
| ২০১৯ | ৯% | –২% |
| ২০২০ | ১২% | ১৬% |

ক. ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও নীতি কেন অনুসরণ করা হয়? ২

গ. প্রকল্প-ক এর আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. ঝুঁকি বিবেচনায় কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

১১▶ নিম্নের দুটি কোম্পানির সম্ভাবনা ও প্রত্যাশিত আয়ের হার দেওয়া হলো :

| সম্ভাবনা | ০.২০ | ০.৪০ | ০.৪০ |
|---|---|---|---|
| মনি কোম্পানির আয় | ০.১৫ | ০.১৪ | ০.১৮ |
| রনি কোম্পানির আয় | ০.১২ | ০.২০ | ০.১০ |

ক. সম্ভাবনা বিন্যাস কী? ১

খ. পরিহারযোগ্য ঝুঁকি বলতে কী বোঝায়? ২

গ. কোম্পানি দুটির গড় মুনাফা নির্ণয় কর। ৩

ঘ. বিভেদাঙ্কের বিবেচনায় কোন কোম্পানিটি ভালো? মূল্যায়ন কর। ৪

# যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▶ সানমুন কোম্পানি লি. চার বছর মেয়াদি একটি প্রকল্পে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়। প্রকল্পটির নগদ আন্তঃপ্রবাহ ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

| প্রাথমিক বিনিয়োগ | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|
| ২,০০,০০০ | ৬০,০০০ | ৭০,০০০ | ৮০,০০০ | ৭৬,০০০ |

বাট্টার হার ৮%।

ক. স্বাধীন প্রকল্প কী? ১

খ. মূলধন রেশনিং কেন করা হয়? ২

গ. প্রকল্পটির নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের (IRR) ভিত্তিতে সানমুন কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্ত মূল্যায়ন কর। ৪

২ ▶ ABC কোম্পানি একটি নতুন মেশিন ৫,০০,০০০ টাকায় ক্রয় করে। মেশিনটির আয়ুষ্কাল ৫ বছর এবং কোনো ভগ্নাবশেষ মূল্য নেই। কোম্পানির করের হার ৪০%।

| বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| নগদ আন্তঃপ্রবাহ | ১,০০,০০০ | ১,১০,০০০ | ১,৪০,০০০ | ১,৫০,০০০ | ২,৫০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্প বলতে কী বোঝায়? ২

গ. ABC কোম্পানির গড় মুনাফার হার (ARR) নির্ণয় কর। ৩

ঘ. যদি বাট্টার হার ১০% হয়, তাহলে নিট বর্তমান মূল্যের (NPV) ভিত্তিতে মেশিনটি ক্রয় করা উচিত কি না? বিবেচনা কর। ৪

৩ ▶ জনাব রাসেল একজন বিনিয়োগকারী। তিনি বিনিয়োগের জন্য যে দুটি সিকিউরিটি চিহ্নিত করেছেন তা নিম্নরূপ :

| বছর | আয়ের হার | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| ২০১৯ | ৩০% | ২৫% |
| ২০২০ | ২০% | ৩৫% |
| ২০২১ | ১৫% | ৪৫% |

মুন কোম্পানির বিটার মান ১.৮। ট্রেজারি বিলের আয়ের হার ৯%। বাজার আয়ের হার ১৮%।

ক. ঝুঁকি কী? ১

খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহারযোগ্য ঝুঁকি বলা হয়? ২

গ. মুন কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রাসেলের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা উত্তম? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জনাব আসলাম একটি প্রকল্পে বিনিয়োগের চিন্তা-ভাবনা করছেন। কোম্পানির তথ্য নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | প্রকল্প-P | প্রকল্প-Q |
| ভালো | ০.৪০ | ১২% | ১০% |
| মন্দ | ০.২৫ | ৪% | ৬% |
| স্বাভাবিক | ০.৩৫ | ৯% | ৮% |

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. পোর্টফোলিও কেন গঠন করা হয়? ২

গ. প্রকল্প-P এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩

ঘ. জনাব আসলামের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৫ ▶ মি. সুমন মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

| সিকিউরিটিজ | বিনিয়োগ | আয়ের হার | আদর্শ বিচ্যুতি | সহ-সম্বন্ধ |
|---|---|---|---|---|
| X | ৪০,০০০ | ১২% | ৮% | ০.৮০ |
| Y | ৬০,০০০ | ১০% | ৬% | |

ক. অনিশ্চয়তা কী? ১

খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২

গ. মি. সুমনের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. পোর্টফোলিও আদর্শ বিচ্যুতি নির্ণয় করে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬ ▶ জনাব কামাল একজন ফল ব্যবসায়ী। তিনি তার দোকানের একাই মালিক। যার ফলে সকল লাভ-ক্ষতি তিনি নিজেই বহন করেন। তার দোকানে বিভিন্ন রকমের ফল আছে? যা ভোক্তাদের কাছে বিক্রি করেন। তিনি ঝুঁকি কমানোর জন্য পণ্যের মাঝে বৈচিত্র্য রাখেন।

ক. সম্পদ সর্বাধিকরণ কী? ১

খ. সরকারি অর্থায়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব কামাল কোন ধরনের ব্যবসায়ী? বর্ণনা কর। ৩

ঘ. জনাব কামাল তার ব্যবসায়ের উন্নতির জন্য অর্থায়নের যে নীতি অবলম্বন করেছেন তা বর্ণনা কর। ৪

৭ ▶ ইউনিক কোম্পানি মোবাইল ফোন ব্যবসায় জড়িত। কোম্পানিটি বাংলাদেশের বাজারে প্রবেশের জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করে। নতুন পরিকল্পনায় কোম্পানিটি আর্থিক সংকটে পড়ে। তাই তারা শেয়ার বিক্রির সিদ্ধান্ত নেয়।

ক. অর্থায়ন কী? ১

খ. সামাজিক দায়বদ্ধতা বলতে কী বোঝায়? ২

গ. ইউনিক কোম্পানির শেয়ার বিক্রয় কী ধরনের সিদ্ধান্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. কোম্পানিটির দীর্ঘমেয়াদি পরিকল্পনায় শেয়ার বিক্রি যুক্তিযুক্ত কিনা? ব্যাখ্যা কর। ৪

৮ ▶ জনাব তানভির গাড়ি ক্রয়ের জন্য লিজিং কোম্পানি লি. হতে ৫ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেছেন। ঋণের সুদের হার ১০%। তিনি আগামী ৪ বছরব্যাপী প্রতি বছর শেষে সমপরিমাণ টাকা ঋণের কিস্তি হিসাবে পরিশোধ করবেন।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. জনাব তানভিরের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. জনাব তানভিরের ঋণ পরিশোধ সূচি তৈরি করে বিভিন্ন বছরের সুদের পরিমাণ দেখাও। ৪

৯ ▶ জনাব রাকিব জমি বিক্রি করে ৫,০০,০০০ টাকা পেলেন, যা ব্যাংকে ১০ বছরের জন্য স্থায়ী হিসাব খুলে জমা রাখার সিদ্ধান্ত নিলেন। তিনি জানতে পারলেন, যমুনা ব্যাংকে জমা রাখলে ৫ বছর শেষে ৭,০০,০০০ টাকা পাবেন। অন্যদিকে, সুরমা ব্যাংকে রাখলে ৪ বছর শেষে ৬,৫০,০০০ টাকা পাবেন।

ক. নগদ প্রবাহ কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে যমুনা ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রাকিবের কোন ব্যাংকে অর্থ জমা রাখা উচিত? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

১০ ▶ জনাব মিঠু তার অলস অর্থ বন্ডে বিনিয়োগ করতে চাচ্ছেন। তিনি বন্ডবাজার অনুসন্ধান করে ২টি বন্ড নির্বাচন করেন। উভয় বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১০%। অন্যান্য তথ্য নিম্নরূপ :

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদ | পরিপক্ব মূল্য |
|---|---|---|---|---|
| A | ১২% | ১,১০০ | — | ১,০০০ |
| B | — | ৬০০ | ১২ বছর | ১,৫০০ |

ক. কুপন বন্ড কী? ১

খ. কার্যকরী মূলধন ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. 'A' বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব মিঠুর কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

১১ ▶ জনাব রিয়াদ বন্ডবাজারে বিনিয়োগে আগ্রহী। তিনি বন্ডবাজারে ১০০ টাকা অভিহিত মূল্যের দুটি বন্ড দেখতে পেলেন। বন্ডের অন্যান্য তথ্য নিম্নরূপ :

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য | মেয়াদ |
|---|---|---|---|
| P | ১২% | ১১৯ | ৮ বছর |
| Q | ১০% | ৮০ | — |

জনাব রিয়াদের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. YTC-এর পূর্ণরূপ লেখ। ১

খ. কর্পোরেট বন্ড বলতে কী বোঝায়? ২

গ. 'P' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রিয়াদের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

# কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ BBC কোম্পানি একটি প্রসাধনী উৎপাদনকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপক রফিক সাহেব ব্যবসায় সম্প্রসারণের জন্য নতুন নতুন প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছেন, প্রকল্পগুলো হলো প্রকল্প 'X' প্রকল্প 'Y' এবং প্রকল্প 'Z'। উক্ত প্রকল্পগুলোতে বিনিয়োগের জন্য তিনি শাপলা ব্যাংক হতে ৫ বছরের জন্য ১০% হারে ১৫ লক্ষ টাকা ঋণ করেন। ব্যবস্থাপক ঋণকৃত সম্পূর্ণ টাকা প্রকল্প 'Y'-তে বিনিয়োগের জন্য পরিচালনা পর্ষদে প্রস্তাব উপস্থাপন করেন। কিন্তু পরিচালনা পর্ষদ তার প্রস্তাব প্রত্যাখ্যান করে সবকটি প্রকল্পে বিনিয়োগের সুপারিশ করেন।

ক. প্রাতিষ্ঠানিক অর্থায়ন কী? ১

খ. ঝুঁকি ও মুনাফার সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. ব্যবস্থাপক অর্থায়নের কোন উৎস হতে অর্থ সংগ্রহ করেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিচালনা পর্ষদ অর্থায়নের কোন নীতি গ্রহণের সুপারিশ করেছে? উদ্দীপকের আলোকে তা বিশ্লেষণ কর। ৪

২▸ কেয়া ও রেখা দুই বান্ধবী। তারা লেখাপড়া শেষ করে সম্প্রতি একটি প্রতিষ্ঠিত কোম্পানিতে চাকরি পেয়েছেন। ভবিষ্যৎ সঞ্চয়ের কথা চিন্তা করে তারা দুই বান্ধবী যমুনা ব্যাংকে যান। ব্যাংক ব্যবস্থাপক তাদের বলেন যে, সঞ্চয়ের উপর বছরের শুরুতে ও শেষে সুদ গণনা করা হয়। এক্ষেত্রে সুদের হারের পার্থক্য রয়েছে। কেয়া বছরের শুরুতে ৮% সুদে এবং রেখা বছরের শেষে ১০% সুদে ২৫,০০০ টাকা করে ১০ বছর ব্যাংকে জমা করেন।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. সাধারণ বৃত্তি বলতে কী বোঝায়? ২

গ. ১০ বছর পরে কেয়া কত টাকা পাবেন? ৩

ঘ. মেয়াদ শেষে কে বেশি টাকা পাবেন বলে তুমি মনে কর? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করে দেখাও। ৪

৩▸ জনাব আজিজ একজন সাধারণ ব্যবসায়ী। সম্প্রতি তিনি একটি নতুন প্রকল্পের বিনিয়োগের কথা ভাবছেন। এজন্য তিনি তার ব্যবসায়ী বন্ধু জনাব আলমের নিকট হতে পরামর্শ গ্রহণ করেন। তিনি তাকে কাম্য পরিমাণ মূলধন বিনিয়োগের পরামর্শ দেন। কিন্তু জনাব আজিজ অধিক লাভের আশায় সমুদয় মূলধন উক্ত প্রকল্পে বিনিয়োগ করেন এবং তার মূলধন ক্ষতিগ্রস্ত হয়। এজন্য তিনি বেশ চিন্তিত।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১

খ. সরকারি ও বেসরকারি অর্থায়নের দুটি পার্থক্য লেখ। ২

গ. জনাব আজিজকে তার বন্ধু অর্থায়নের যে নীতি অনুসরণের পরামর্শ দিয়েছিলেন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. সমুদয় মূলধন বিনিয়োগের ক্ষেত্রে উপরিউক্ত নীতির যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৪▸ জনাব রাসেল একজন বিনিয়োগকারী। তিনি তার সঞ্চিত অর্থ শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুটি কোম্পানির বন্ডকে বিবেচনা করছেন :

| বন্ড | অভিহিত মূল্য | মেয়াদকাল | কুপন হার | বাজারমূল্য | আয়ের হার |
|---|---|---|---|---|---|
| 'A' | ১,০০০ টাকা | ১৫ বছর | ১২% | ১,১৮০ টাকা | ১১% |
| 'B' | ১,০০০ টাকা | ১২ বছর | ১০% | ৯৭৫ টাকা | ১০% |

ক. মাধ্যমিক বাজার কী? ১

খ. কুপন হার বন্ডের আয়ের ওপর কী প্রভাব ফেলে? ২

গ. 'A' বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. কোন বন্ডে বিনিয়োগ করলে জনাব রাসেল লাভবান হবেন? মন্তব্য কর। ৪

৫▸ জনাব রহমান পেনশন থেকে প্রাপ্ত ১০,০০,০০০ টাকা ১৫ বছরের জন্য 'পদ্মা' ব্যাংকে জমা রাখতে চান। পদ্মা ব্যাংক ১০% ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করে। কিন্তু জনাব রহমানের বন্ধু 'যমুনা' ব্যাংকে টাকা জমা রাখতে পরামর্শ দেন, যেখান থেকে ১৫ বছর পর ৪ গুণ টাকা পাবেন। জনাব রহমানের সুযোগ ব্যয়ের হার ১২%।

ক. 'বিধি ৬৯' কী? ১

খ. ঋণের কিস্তি কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রহমানের 'পদ্মা' ব্যাংকে জমাকৃত অর্থের কার্যকর সুদের হার নির্ণয় কর। ৩

ঘ. জনাব রহমানের বন্ধুর পরামর্শ গ্রহণ করা উচিত কি না তা গাণিতিক যুক্তিসহ উত্তর দাও। ৪

৬▸ বেঙ্গল লি. কোম্পানি দীর্ঘদিন ধরে সফলতার সাথে ব্যবসায় পরিচালনা করে আসছে। আর্থিক সংকটের কারণে উৎপাদন মৌসুমে কাঁচামাল সংগ্রহে অসুবিধায় পড়ে। কোম্পানিটি আরও কিছু সাধারণ শেয়ার ইস্যুর মাধ্যমে আর্থিক বাজার হতে অর্থ সংগ্রহ করে তা মোকাবিলা করতে সক্ষম হয়। কিছুদিন পরে কোম্পানিটির ব্যবস্থাপক ব্যবসায় সম্প্রসারণের কথা চিন্তা করে। উক্ত সম্প্রসারণ কাজের জন্য প্রায় ১ কোটি টাকার প্রয়োজন। এ জন্য কোম্পানির ব্যবস্থাপক শেয়ারবাজারে অগ্রাধিকার শেয়ার ইস্যুর মাধ্যমে অর্থ সংগ্রহের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ক. বন্ড কী? ১

খ. "সাধারণ শেয়ারহোল্ডারগণ কোম্পানির প্রকৃত মালিক"– ব্যাখ্যা কর। ২

গ. "অগ্রাধিকার শেয়ার হতে সাধারণ শেয়ার উত্তম"– ব্যাখ্যা কর। ৩

ঘ. কোম্পানি সম্প্রসারণের জন্য যে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে, তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৭▸ 'ওয়ার্ল্ড ফ্যাশন কোম্পানি' প্রতিটি ১,০০০ টাকা মূল্যের জিরো কুপন বন্ড ইস্যু করে। কোম্পানির ইস্যুকৃত বন্ডের মেয়াদকাল ১০ বছর।

ক. সাধারণ শেয়ার কী? ১

খ. মুদ্রাস্ফীতি কীভাবে বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাবিত করে? ২

গ. উক্ত কোম্পানির প্রত্যাশিত আয়ের হার ১৫% হলে বন্ডের বর্তমান মূল্য কত হবে? ৩

ঘ. বন্ডটির বাজারমূল্য ২০০ টাকা হলে ওয়ার্ল্ড ফ্যাশন কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৮▸ 'নোভা কোম্পানি লি.' এর ব্যবস্থাপক কামাল সাহেব 'M' এবং 'N' নামে পরস্পর বর্জনশীল দুটি প্রকল্পের যেকোনো একটিতে অর্থ বিনিয়োগের চিন্তা-ভাবনা করছেন। উভয় প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ২,০০,০০০ টাকা। কোম্পানির মূলধন ব্যয় ১২%। প্রকল্প দুটির নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

| প্রকল্প | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
|---|---|---|---|---|---|
| 'M' | ৬৬,০০০ | ৬০,০০০ | ১,০৬,০০০ | ৭৮,০০০ | ৮৩,০০০ |
| 'N' | ১,০২,০০০ | ৮০,০০০ | ৭৪,০০০ | ৬১,০০০ | ৮২,০০০ |

ক. মূলধন রেশনিং কী? ১

খ. প্রকল্প মূল্যায়ন বলতে কী বোঝায়? ২

গ. 'M' প্রকল্পের পরিশোধকাল নির্ণয় কর। ৩

ঘ. NPV-এর ভিত্তিতে কামাল সাহেবের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? ব্যাখ্যা দাও। ৪

৯▸ সুজন ও সবুজ দুই ভাই মিলে একটি মৎস্য খামার করার উদ্যোগ গ্রহণ করে। উক্ত খামার করতে ১৫ লক্ষ টাকার প্রয়োজন। কিন্তু তাদের বাবা ব্যবসায় শুরু করার জন্য ১০ লক্ষ টাকা দিতে রাজি হলেন। বাকি ৫ লক্ষ টাকা ৮ বছরের জন্য মধুমতি অথবা গোমতি ব্যাংক হতে ঋণ গ্রহণ করতে পারে। মধুমতি ব্যাংক বার্ষিক ১২% চক্রবৃদ্ধি হার সুদে এবং গোমতি ব্যাংক মাসিক ১০% চক্রবৃদ্ধি হার সুদে মেয়াদ শেষে পরিশোধের কথা বলেন।

ক. ইক্যুইটি বাজার কী? ১

খ. অবচয়কে কোন ধরনের খরচ বলা হয়? ২

গ. মধুমতি ব্যাংক হতে ঋণ নিলে কত টাকা পরিশোধ করতে হবে? ৩

ঘ. সুজন ও সবুজ কোন ব্যাংক হতে ঋণ গ্রহণ করলে বেশি লাভবান হবে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

১০▸ মি. হাসান কোম্পানির অর্থনৈতিক অবস্থা চিন্তা করে দুটি স্টকে বিনিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করলেন। নিম্নে স্টক দুটির সম্ভাবনা ও আয়ের হার দেওয়া হলো :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | স্টক 'P' | স্টক 'Q' |
| মন্দাভাব | ২৫% | ১৫% | ২৫% |
| স্বাভাবিক | ৫০% | ২০% | ১৮% |
| চাঙ্গা | ৩০% | ৬০% | ২৮% |

ক. ঝুঁকি কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. স্টক 'P' ও স্টক 'Q' এর গড় মুনাফার হার নির্ণয় কর। ৩

ঘ. মি. হাসানের কোন স্টকে বিনিয়োগ করা উচিত এবং কেন? উদ্দীপকের আলোকে মূল্যায়ন কর। ৪

১১▸ জনাব মান্নান মূলধন বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। তিনি বিনিয়োগ করার জন্য নিম্নোক্ত দুটি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন :

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় | |
|---|---|---|
| | সিকিউরিটি-A | সিকিউরিটি-B |
| ০.৫০ | ২৫% | ৩০% |
| ০.৩০ | ২২% | ৩৫% |
| ০.৩৫ | ২০% | ২৮% |

ক. অনিশ্চয়তা কী? ১

খ. একক ঝুঁকি বলতে কী বোঝ? ২

গ. 'সিকিউরিটি-A' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. কোন সিকিউরিটি অধিক ঝুঁকিপূর্ণ? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

# চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১। জামাল ও কামাল দুই জনই প্রতিষ্ঠিত ব্যবসায়ী। জনাব জামাল শুধু জাহাজ ভাড়া ব্যবসায়ে যুক্ত অপরদিকে জনাব কামাল পুরাতন জাহাজ ব্যবসার পাশাপাশি গার্মেন্টস ব্যবসায় যুক্ত। কারণ জনাব কামাল মনে করেন, লোহার ব্যবসায় কোনো কারণে যদি ক্ষতি হয় তবে গার্মেন্টস ব্যবসার মুনাফার দ্বারা সেই ক্ষতি পূরণ করা যাবে। কিন্তু জনাব জামাল বেশি মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ হাতে কম রেখে বেশি বিনিয়োগ করেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১
খ. তারল্য বলতে কী বোঝ? ২
গ. জনাব কামাল বিনিয়োগের ক্ষেত্রে কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব জামালের বেশি অর্থ বিনিয়োগ তার ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? তা বিশ্লেষণ কর। ৪

২। জনাব রহমান ৫,০০,০০০ টাকা ৭ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। 'ফুলজোড়' ব্যাংক তাকে ১০% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ দিবে। অপরদিকে 'ইছামতি' ব্যাংক তাকে ৮% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. সাধারণ বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ২
গ. মেয়াদ শেষে জনাব রহমান 'ফুলজোড়' ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩
ঘ. জনাব রহমানের কোন ব্যাংকে টাকা জমা রাখা বেশি লাভজনক হবে? ব্যাখ্যা কর। ৪

৩। জনাব হানিফ সোনালী ব্যাংক লি. থেকে বার্ষিক ১২% সুদে ৫,০০,০০০ টাকা ঋণ নেন। আগামী ৫ বছর প্রতি বছরের শেষে তিনি ঋণের কিস্তি পরিশোধ করবেন।

ক. ভবিষ্যৎ মূল্য কী? ১
খ. ঋণ সূচি বলতে কী বোঝায়? ২
গ. জনাব হানিফের ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. বছরের শুরুতে কিস্তি পরিশোধ করলে কিস্তির পরিমাণের ওপর কী প্রভাব পড়বে? সে সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৪। সুলেখা কোম্পানি বার্ষিক ১৬% কুপন সুদে প্রতিটির লিখিত মূল্য ১,০০০ টাকার বন্ড ইস্যু করে। উক্ত বন্ড ১০ বছরের জন্য ইস্যু করা হয়। কোম্পানির প্রয়োজনীয় আয়ের হার ১২%।

ক. বন্ড কী? ১
খ. অগ্রাধিকার শেয়ারকে কেন হাইব্রিড সিকিউরিটি বলা হয়? ২
গ. যদি সুদ বার্ষিক ভিত্তিতে প্রদান করা হয়, তাহলে বন্ডের বর্তমান মূল্য কত হবে? ৩
ঘ. অর্ধবার্ষিক ভিত্তিতে সুদ প্রদান করলে, বন্ডের বর্তমান মূল্যে কী প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

৫। জনাব সাজ্জাদ বর্তমানে অবসরে গিয়ে কিছু টাকা পেয়েছেন। এই অর্থ তিনি শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। কিন্তু তিনি বেশি ঝুঁকি নিতে চান না। তাই শেয়ার বাজারে ১০০ টাকার অভিহিত মূল্যের দুটি বন্ডের কথা বিবেচনা করেন। নিম্নে বন্ড দুটির তথ্য প্রদান করা হলো :

| বন্ড | কুপন হার | বাজারমূল্য | মেয়াদ |
|---|---|---|---|
| A | ১৩% | ১১৯ টাকা | ৮ বছর |
| B | ১১% | ৮০ টাকা | — |

ক. জাঙ্ক বন্ড কী? ১
খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকিমুক্ত আয়ের হার বলা হয়? ২
গ. 'A' বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব সাজ্জাদের জন্য কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? ব্যাখ্যা কর। ৪

৬। ACL কোম্পানি একটি নতুন প্রকল্পে ৭,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চায়। কোম্পানির মূলধন ব্যয় ১০% এবং কর্পোরেট কর হার ৪০%। প্রকল্প থেকে আগামী ৫ বছর যাবৎ করপূর্ববর্তী নগদ প্রবাহ নিম্নলিখিতভাবে আসবে বলে ধারণা করা হচ্ছে।

| বছর | করপূর্ববর্তী নগদ প্রবাহ |
|---|---|
| ১ | ১,৪০,০০০ টাকা |
| ২ | ২,১০,০০০ টাকা |
| ৩ | ৩,২০,০০০ টাকা |
| ৪ | ৩,০০,০০০ টাকা |
| ৫ | ২,১০,০০০ টাকা |

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. প্রকল্পের মূল্যায়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পটির গড় উপার্জন হার (ARR) নির্ণয় কর। ৩
ঘ. নিট বর্তমান মূল্যের আলোকে (NPV) উক্ত প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্ত কতটুকু যুক্তিযুক্ত বলে তুমি মনে কর? ৪

৭। মি. পরশ সামস ৫০,০০০ টাকা 'X' কোম্পানির শেয়ার এবং ২০,০০০ টাকা 'Y' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করলেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ার দুটির আয়ের হার নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | X কোঃ | Y কোঃ |
| মন্দা অবস্থা | ০.৩০ | ১৩% | ১০% |
| স্বাভাবিক অবস্থা | ০.৪০ | ১২% | ১১% |
| তেজি অবস্থা | ০.৩০ | ১৬% | ১৫% |

ক. ঝুঁকি কী? ১
খ. ঝুঁকির প্রিমিয়াম বলতে কী বোঝ? ২
গ. 'X' ও 'Y' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. মি. পরশ সামসের প্রত্যাশিত আয়ের হার ১২% হলে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮। মিথুন একজন বিনিয়োগকারী। তার কিছু অর্থ তিনি শেয়ার বাজারে বিনিয়োগ করতে চান। সেই উদ্দেশ্যে তিনি শেয়ার বাজার থেকে বাটা সুজ ও কোকাকোলার বিগত ৪ বছরের মুনাফা অর্জনের তথ্য সংগ্রহ করলেন। তথ্যগুলো নিচে দেওয়া হলো :

| বছর | বাটা সুজ আয়ের হার | কোকাকোলা আয়ের হার |
|---|---|---|
| ১ | ১৫% | ২৫% |
| ২ | ১৭% | ৭% |
| ৩ | ১৯% | ৩২% |
| ৪ | ২১% | ১০% |

ক. CAPM কী? ১
খ. ঝুঁকি ছাড়া কি মুনাফা অর্জন সম্ভব? ব্যাখ্যা কর। ২
গ. বাটা সুজ-এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. মিথুনের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা সঠিক হবে? তোমার মতামত লেখ। ৪

৯। ওয়ালমার্ট একটি আন্তর্জাতিক পোশাক রপ্তানিকারক কোম্পানি। প্রতিষ্ঠানটি ইউরোপের বাজারে প্রবেশ করার জন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা নেয়। যথাযথ নিয়ম মেনে কোম্পানিটি তার কার্যক্রম পরিচালনা করে। কিন্তু নতুন পরিকল্পনা নিতে গিয়ে কোম্পানিটি আর্থিক সংকটে পড়ে। তাই তারা শেয়ার বিক্রয় করার সিদ্ধান্ত নেয়।

ক. অর্থায়ন কী? ১
খ. সম্পদের সর্বাধিকরণ বলতে কী বোঝ? ২
গ. ওয়ালমার্ট কোম্পানিটির শেয়ার বিক্রয় কোন ধরনের সিদ্ধান্ত? তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে ওয়ালমার্ট কোম্পানির শেয়ার বিক্রির সিদ্ধান্তটি যথার্থ কিনা? তোমার মতামত লেখ। ৪

১০। মি. রায়হান একজন ব্যবসায়ী। তিনি ৫ বছর মেয়াদি ১২% কুপন বন্ডে বিনিয়োগের সিদ্ধান্ত নিলেন। প্রতিটি কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা হলেও বর্তমান বাজারমূল্য ১,১৫০ টাকা। মি. রায়হানের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. কুপন বন্ড কী? ১
খ. প্রত্যাশিত আয়ের হার বিনিয়োগ সিদ্ধান্তকে কীভাবে প্রভাবিত করে? ২
গ. উদ্দীপকের আলোকে বন্ডের চলতি আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মি. রায়হানের বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

১১। জমজম বেভারেজ কোম্পানি লি. এর কাছে দুটি পরস্পর বর্জনশীল প্রকল্প 'X' ও 'Y' তে বিনিয়োগের সুযোগ আছে। প্রকল্প দুটির নগদ প্রবাহ নিম্নরূপ :

| সময় | 'X' টাকা | 'Y' টাকা |
|---|---|---|
| ০ | (৩০,০০০) | (৪০,০০০) |
| ১ | ১২,০০০ | ২৫,০০০ |
| ২ | ১৫,০০০ | ১৮,০০০ |
| ৩ | ৭,০০০ | ৯,০০০ |
| ৪ | ৫,০০০ | ৬,০০০ |

ক. IRR-এর পূর্ণরূপ লেখ। ১
খ. পে-ব্যাক পিরিয়ড বলতে কী বোঝ? ২
গ. মূলধন ব্যয় ১৫% ধরে প্রকল্প দুটির NPV নির্ণয় কর। ৩
ঘ. প্রকল্প দুটি স্বাধীন এবং মূলধন ব্যয় ১২% হলে তুমি কোন প্রকল্প পছন্দ করবে? তার সপক্ষে তোমার যুক্তি দেখাও। ৪

# সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ জনাব বসির আহম্মেদ লালপুরে একটি বৃহৎ গার্মেন্টস কারখানা স্থাপন করলেন। তিনি কারখানার পার্শ্ববর্তী এলাকার গ্রামের রাস্তাগুলো পাকা করে দিলেন, রাস্তার ভাঙা কালভার্ট মেরামত করলেন এবং রাস্তার দু'পাশে বৃক্ষরোপণ করলেন। কারখানায় কর্মরত কর্মীগণ নিয়মিত বেতন, বোনাস এবং বিনামূল্যে চিকিৎসা সুবিধা পাওয়ায় তারা মালিকের প্রতি সন্তুষ্ট। এলাকার জনগণ এবং কারখানার শ্রমিক-কর্মকর্তাগণ ব্যবসায় প্রতিষ্ঠানটির প্রতি অনেক সহানুভূতিশীল। জনাব বসির আহম্মেদের ব্যবসায় দিন দিন উন্নতি সাধিত হচ্ছে।

ক. অর্থায়ন কী? ১
খ. মুনাফা অর্জন না করে কি সম্পদ সর্বাধিকরণ করা যায়? ২
গ. জনাব বসির আহম্মেদ গ্রামের রাস্তা পাকা করে তার দুই পাশে বৃক্ষরোপণ করে ব্যবসায়ের কোন দায়িত্ব পালন করেছেন? ৩
ঘ. তোমার মতে জনাব বসির আহম্মেদের ব্যবসায় দিন দিন উন্নতিসাধনের কারণ কী? ব্যাখ্যা কর। ৪

২▸ 'বর্ধনকুঠি লি.'-এর ব্যবস্থাপক অধিক মুনাফার আশায় তার প্রতিষ্ঠানের সমুদয় অর্থ একটি নতুন প্রকল্পে বিনিয়োগ করলেন। কিছু দিন পর বর্ধনকুঠি লি. ইহার দৈনন্দিন খরচ মেটাতে ব্যর্থ হলো। পাওনাদারগণ পাওনা অর্থ সময়মতো না পেয়ে প্রতিষ্ঠানের ওপর আস্থা হারালেন। প্রতিষ্ঠানটি এখন অস্তিত্ব রক্ষার চেষ্টা করছে।

ক. বেসরকারি অর্থায়ন কী? ১
খ. বাহ্যিক অর্থায়নের চেয়ে অভ্যন্তরীণ অর্থায়ন কি উত্তম? ২
গ. বর্ধনকুঠি লি.-এর অর্থ সংকটের কারণ অর্থায়নের কোন নীতির লঙ্ঘন? ৩
ঘ. বর্ধনকুঠি লি.-এর অস্তিত্ব রক্ষার উপায় কী হতে পারে? মতামত দাও। ৪

৩▸ জনাব নূরুল আলম ২০,০০,০০০ টাকা পাঁচ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। সুরমা ব্যাংক তাকে ১০% চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব করলেন। অপরদিকে 'পদ্মা ব্যাংক' তাকে ৮% মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দিল।

ক. সরল সুদ কী? ১
খ. নামিক সুদ এবং কার্যকরী সুদের হার আলাদা হয় কেন? ২
গ. জনাব নূরুল আলম সুরমা ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩
ঘ. জনাব নূরুল আলম কোন ব্যাংকে টাকা জমা রাখলে অধিক লাভবান হবেন? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪▸ মিসেস জেসমিন মূলধন বাজারে বিনিয়োগের জন্য দুইটি বন্ড পছন্দ করলেন। বন্ড দুইটির তথ্য নিম্নরূপ :

| কোম্পানি | অভিহিত মূল্য | কুপন সুদের হার | মেয়াদকাল | বাজারমূল্য | প্রয়োজনীয় আয়ের হার |
|---|---|---|---|---|---|
| X | ২,৫০০ | ১৬% | ১০ বছর | ২,৫০০ | ১২% |
| Y | ২,৫০০ | ১৬% | — | ১,৩৫০ | ১২% |

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১
খ. জিরো কুপন বন্ডে সুদের হার উল্লেখ থাকে কি? ২
গ. X কোম্পানির বন্ডের প্রকৃত মূল্য কত? ৩
ঘ. মিসেস জেসমিন কোন বন্ডে বিনিয়োগ করে লাভবান হবেন? বর্ণনা কর। ৪

৫▸ জনাব কালাম বিনিয়োগের জন্য ৪ বছর মেয়াদি দুইটি প্রকল্প বিবেচনা করছেন। প্রত্যেকটি প্রকল্পেরই প্রাথমিক বিনিয়োগ ২,০০,০০০ টাকা। প্রকল্প দুইটির সুদ ও কর পরবর্তী নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | প্রকল্প-ক (টাকা) | প্রকল্প-খ (টাকা) |
|---|---|---|
| ১ | ৫৫,০০০ | ৯৫,০০০ |
| ২ | ৭০,০০০ | ৮৫,০০০ |
| ৩ | ৭৫,০০০ | ৪০,০০০ |
| ৪ | ১,০০,০০০ | ৯০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. কোন বাট্টার হারে নগদ প্রবাহকে বাট্টা করলে নিট বর্তমান মূল্য শূন্য হয়? ২
গ. প্রকল্প-ক এর পরিশোধকাল কত? ৩
ঘ. জনাব কালামের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত বলে তুমি মনে কর? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৬▸ জনাব আনিসুর রহমান একজন নতুন ব্যবসায়ী। তিনি নিম্ন উল্লিখিত দুইটি বন্ডের একটিতে অর্থ বিনিয়োগ করতে আগ্রহী :

| বন্ড | অভিহিত মূল্য | কুপন সুদের হার | মেয়াদকাল | বাজারমূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| M | ৪০০ | ১২% | ৮ বছর | ২৪০ |
| N | ৫০০ | ১০% | ৫ বছর | ৪০০ |

ক. বন্ড বাজার কী? ১
খ. অগ্রাধিকার শেয়ারহোল্ডার কি কোম্পানির প্রকৃত মালিক? ২
গ. M বন্ডের YTM নির্ণয় কর। ৩
ঘ. YTM এর ভিত্তিতে জনাব আনিসুর রহমানের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৭▸ দুইটি সিকিউরিটি A এবং B এর আয়ের হার ও সম্ভাবনা নিচে প্রদান করা হলো :

| সম্ভাবনা | .২৫ | .৪০ | .৩৫ |
|---|---|---|---|
| সিকিউরিটি-A | .১০ | .২০ | .১৫ |
| সিকিউরিটি-B | .৩০ | .১০ | .২০ |

ক. পরিহারযোগ্য ঝুঁকি কী? ১
খ. 'পোর্টফোলিও নীতি' অনুসরণের উদ্দেশ্য কী? ২
গ. সিকিউরিটি-A এর আদর্শ বিচ্যুতি কত? ৩
ঘ. উদ্দীপকের কোন সিকিউরিটিতে বিনিয়োগ করা অধিকতর গ্রহণযোগ্য হবে? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৮▸ মিসেস সায়রা বানু তার সঞ্চিত ৮,০০,০০০ টাকা ব্যাংকে জমা রাখতে চান। রূপসা ব্যাংক মিসেস সায়রা বানুকে ১০ বছর পর ১৭,২৭,১৪০ টাকা প্রদানের প্রস্তাব দিল। অপর পক্ষে কুশিয়ারা ব্যাংক ৮ বছর পর তাকে ১৫,৯৪,০৫০ টাকা প্রদানের নিশ্চয়তা দিল।

ক. অগ্রিম বৃত্তি কী? ১
খ. বাট্টার হার বৃদ্ধি পেলে কি বর্তমান মূল্য হ্রাস পায়? ২
গ. উদ্দীপকের রূপসা ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. মিসেস সায়রা বানুকে তুমি কোন ব্যাংকে টাকা জমা রাখার পরামর্শ দিবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯▸ জনাব আরমান মণ্ডল মূলধন বাজার থেকে একটি বন্ড ক্রয় করার সিদ্ধান্ত নিলেন। বন্ডটির অভিহিত মূল্য ৩,০০০ টাকা, কুপন সুদের হার ১৪%। মেয়াদকাল ৫ বছর এবং বাজারমূল্য ৩,২০০ টাকা। প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. ট্রেজারি বন্ড কী? ১
খ. একটি বন্ড কখন অধিহারে ইস্যু করা হয়? ২
গ. উদ্দীপকের বন্ডটির মেয়াদপূর্তিতে উপার্জন হার কত? ৩
ঘ. বন্ডটির বাজারমূল্য ৩,৩০০ টাকা হলে জনাব আরমান মণ্ডলের কি বন্ডটি ক্রয় করা যুক্তিসংগত হবে? গাণিতিকভাবে প্রমাণ কর। ৪

১০▸ সাদিয়া আফরিন শেয়ারবাজারে বিনিয়োগ করতে আগ্রহী। শেয়ারবাজার থেকে তিনি 'স্টার ফুডস্' এবং 'মুন ল্যাম্প' এর বিগত ৪ বছরের মুনাফা অর্জনের তথ্য সংগ্রহ করলেন। 'স্টার ফুডস্' এবং 'মুন ল্যাম্প' এর তথ্য নিম্নরূপ :

| বছর | স্টার ফুডস্ | মুন ল্যাম্প |
|---|---|---|
| ১ | ১৬% | ২৬% |
| ২ | ১৮% | ০৮% |
| ৩ | ২০% | ৩০% |
| ৪ | ২২% | ১২% |

ক. CAPM কী? ১
খ. অনিশ্চয়তা এবং ঝুঁকির মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'স্টার ফুডসের' আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. 'স্টার ফুডস্' এবং 'মুন ল্যাম্পের' মধ্যে কোন প্রকল্পের ঝুঁকি কম? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

১১▸ 'গোবিন্দগঞ্জ লি.' এর দুইটি প্রকল্পের বিগত ৪ বছরের আয়ের বিবরণ নিচে দেওয়া হলো :

| বছর | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|
| প্রকল্প-ক | ১২ | ১৪ | −২ | ১৬ |
| প্রকল্প-খ | ১০ | ২৪ | ১২ | −৬ |

ক. ঝুঁকি কী? ১
খ. ব্যবসায়িক ঝুঁকি কি পরিহার করা যায়? ২
গ. প্রকল্প-ক এর পরিমিত ব্যবধান নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের কোন প্রকল্পে বিনিয়োগ করা নিরাপদ? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

# বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▸ 'XYZ' কোম্পানির আর্থিক ব্যবস্থাপক এবছর অর্জিত মুনাফার ৬০% লভ্যাংশ হিসাবে শেয়ারমালিকদের মাঝে ভাগ করে দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা দেন এবং অবশিষ্ট অর্থ ভবিষ্যতের জন্য সংরক্ষণের সিদ্ধান্ত নেন। এজন্য তার প্রতিষ্ঠানের শেয়ারের বাজারমূল্য গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. অর্থায়নের সামাজিক দায়িত্ব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'XYZ' কোম্পানির ব্যবস্থাপকের সিদ্ধান্ত অর্থায়নের কোন কার্যাবলি? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'XYZ কোম্পানি অর্থায়নের মূল লক্ষ্য অর্জন করতে পেরেছে'— উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২▸ মি. হাসান ও মি. সাদ দুজন ব্যবসায়ী। মি. হাসান শুধু চশমার ব্যবসায় করে। অন্যদিকে, মি. সাদ চশমার ব্যবসায়ের সাথে কাপড়ের ব্যবসায়ও করে। মি. সাদ মনে করে চশমার ব্যবসায় যদি ক্ষতি হয় তাহলে কাপড়ের ব্যবসায় থেকে তা সমন্বয় হবে। মি. হাসান অধিক মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ কম হাতে রেখে অধিক বিনিয়োগ করে।

ক. সরকারি অর্থায়ন কী? ১

খ. মূলধন বাজেটিং কেন করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. মি. সাদ অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. হাসানের অধিক অর্থ বিনিয়োগ তার ব্যবসায় কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

৩▸ মিসেস সুষমা আক্তার তার পিতার নিকট হতে ৫০,০০,০০০ টাকা উপহারস্বরূপ পেলেন। উক্ত টাকা বিনিয়োগের জন্য তার নিকট দুটি বিকল্প রয়েছে। প্রথমটি পারিবারিক সঞ্চয়পত্রে বিনিয়োগ করা। যেখান থেকে তিনি মাসিক ৩৫,০০০ টাকা মুনাফা পাবেন এবং ৫ বছর মেয়াদপূর্তিতে ৫০,০০,০০০ টাকা সম্পূর্ণ ফেরত পাবেন। দ্বিতীয় বিকল্পটি হলো সোনালী ব্যাংকে ৫ বছর মেয়াদি স্থায়ী আমানতে বিনিয়োগ করা যেখান থেকে তিনি ৫ বছর পর একত্রে ৭০,০০,০০০ টাকা পাবেন। তার সুযোগ ব্যয় ৯%।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. বর্তমানের নগদ অর্থ পছন্দের কারণগুলো কী কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সঞ্চয়পত্র হতে প্রাপ্ত মুনাফার বর্তমান মূল্য কত? ৩

ঘ. মিসেস সুষমার কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? কেন? ৪

৪▸ জনাব শরিফুল একটি বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত। অফিসে যাতায়াতের জন্য তিনি ৫ বছর পর ২,০০,০০০ টাকায় একটি মোটর সাইকেল ক্রয়ের পরিকল্পনা করছেন। এজন্য তিনি তহবিল সঞ্চয়ের দুটি বিকল্পের কথা ভাবছেন। প্রথম বিকল্প হলো ১০% মুনাফায় মাসিক সঞ্চয় প্রকল্পে বিনিয়োগ করা এবং দ্বিতীয়টি হলো ১,০০,০০০ টাকা বর্তমানে এককালীন ব্যাংকে গচ্ছিত রাখা যেখান থেকে তিনি পাঁচ বছর পর ২,০০,০০০ টাকা পাবেন।

ক. কার্যকরী সুদের হার কী? ১

খ. কখন কার্যকরী বা প্রকৃত সুদের হার নামিক সুদের হারের সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রথম বিকল্প অনুযায়ী শরিফুলের মাসিক সঞ্চয়ের পরিমাণ কত? ৩

ঘ. জনাব শরিফুলের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

৫▸ জনাব আশরাফুল একটি বহুজাতিক কোম্পানির কর্মকর্তা। কোম্পানি তার আবাসনের জন্য স্বল্পমূল্যে একটি ফ্ল্যাট প্রদানে আগ্রহী। কোম্পানি তাকে দুটি বিকল্প প্রস্তাব দিল। প্রথমটি হলো ফ্ল্যাটের মূল্য বাবদ ৪,০০,০০০ টাকা করে সমান বার্ষিক কিস্তিতে ১০ বছরে পরিশোধ করা। দ্বিতীয়টি হলো ১০,০০,০০০ টাকা নগদ পরিশোধ করে অবশিষ্ট অর্থের জন্য ২,৫০,০০০ টাকা বার্ষিক কিস্তি ১০ বছর পরিশোধ করা। আশরাফুলের সুযোগ ব্যয়ের হার ৮%।

ক. বাট্টাকরণ কী? ১

খ. সাধারণ বার্ষিক বৃত্তির মূল্য থেকে অগ্রিম বার্ষিক বৃত্তির মূল্য বেশি হয় কেন? ২

গ. প্রথম বিকল্প অনুযায়ী বার্ষিক কিস্তির বর্তমান মূল্য কত? ৩

ঘ. জনাব আশরাফুলের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত এবং কেন? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে উত্তর দাও। ৪

৬▸ জনাব আসলাম হোসেন একটি অটোমেটিক রাইস মিলের মালিক। তিনি ঝুঁকি হ্রাসকল্পে বিনিয়োগ বহুমুখীকরণ করতে আগ্রহী। এজন্য তিনি মাধ্যমিক বাজারে ১০,০০,০০০ টাকা বিনিয়োগে আগ্রহী। বিভিন্ন বিনিয়োগ বিকল্প সম্পর্কে তথ্য সংগ্রহ করে তিনি ৯% কুপন রেটে ৫ বছর মেয়াদি ৫,০০০ লিখিত মূল্যের বন্ডে বিনিয়োগ করলেন। তাকে বন্ডগুলো বর্তমান বাজারমূল্য ৫,৫০০ টাকায় কিনতে হলো। তার প্রত্যাশিত আয়ের হার ৮%।

ক. শূন্য কুপন বন্ড কী? ১

খ. মাধ্যমিক বাজার বলতে কী বোঝায়? ২

গ. জনাব আসলাম হোসেনের ক্রয়কৃত বন্ডের অন্তর্নিহিত মূল্য কত? ৩

ঘ. যদি সুদ অর্ধ-বার্ষিক ভিত্তিতে প্রদান করে তাহলে বর্তমান বাজারমূল্যে বন্ড কিনে তিনি কি লাভবান হতে পারবেন? ব্যাখ্যা কর। ৪

৭▸ কোয়ালিটি সিরামিকস্ লি. উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে একটি নতুন প্ল্যান্ট স্থাপনে আগ্রহী। কোম্পানিটির আর্থিক ব্যবস্থাপক ব্যাংক ঋণের মাধ্যমে অর্থায়নের পরামর্শ প্রদান করেন। যুক্তি হিসাবে তিনি উপস্থাপন করেন যে ব্যাংক ঋণ কম সময়ে পাওয়া যায় এবং অধিক নমনীয়। পক্ষান্তরে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ এমন উৎস থেকে মূলধন সংগ্রহ করতে চান, যেটি পরিশোধের সীমারেখার মধ্যে বাধ্যবাধকতা নেই।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১

খ. কোন শেয়ারকে শংকর জাতীয় সিকিউরিটি বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে পরিচালনা পর্ষদ মূলধন সংগ্রহের কোন উৎসের কথা বলেছেন? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে আর্থিক ব্যবস্থাপক ও পরিচালনা পর্ষদ কর্তৃক প্রস্তাবিত মূলধন সংগ্রহে উৎস দুটির তুলনামূলক বিশ্লেষণ করে কোনটি অধিক যুক্তিযুক্ত মন্তব্য কর। ৪

৮▸ বেস্ট সিমেন্ট লি. ব্যবসায় সম্প্রসারণের লক্ষ্যে একটি নতুন উৎপাদন লাইন স্থাপনে আগ্রহী যার ক্রয়মূল্য ২০,০০,০০০ টাকা, আয়ুষ্কাল ৫ বছর এবং ভগ্নাবশেষ মূল্য আনুমানিক ৩,০০,০০০ টাকা। উৎপাদন ক্ষমতা বিশ্লেষণ করে দেখা গেল, লাইনটি হতে আগামী পাঁচ বছর করপূর্ব নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৪,০০,০০০ টাকা, ৫,০০,০০০ টাকা, ৭,০০,০০০ টাকা, ৫,০০,০০০ টাকা এবং ৬,০০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির করের হার ৩০%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন বরাদ্দকরণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রকল্পের গড় মুনাফার হার (ARR) নির্ণয় কর। ৩

ঘ. যদি বাট্টার হার ১০% হয় তাহলে প্রকল্পটিতে বিনিয়োগ যুক্তিযুক্ত কিনা তা NPV নির্ণয় করে মন্তব্য কর। ৪

৯▸ মিরাকল ইন্ডাস্ট্রিজ লি. এর নিকট গ্রহণ করার জন্য দুটি বিনিয়োগ প্রকল্প আছে। প্রকল্প দুটির নগদ প্রবাহ নিম্নে দেওয়া হলো :

| বছর | প্রকল্প 'X' | প্রকল্প 'Y' |
|---|---|---|
| ০ | (১,০০,০০০) | (১,০০,০০০) |
| ১ | ৩০,০০০ | ৫০,০০০ |
| ২ | ৪০,০০০ | ৫০,০০০ |
| ৩ | ৩০,০০০ | ৫০,০০০ |
| ৪ | ৬০,০০০ | ৫০,০০০ |

প্রতিষ্ঠানটির মূলধন ব্যয়ের হার ১০%। প্রকল্প-Y এর IRR ৩৫%।

ক. অভ্যন্তরীণ আয়ের হার কী? ১

খ. মূলধন ফেরতকাল পদ্ধতির অসুবিধাগুলো কী কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্প-X এর মূলধন ফেরতকাল নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হার বা IRR এর ভিত্তিতে প্রকল্প দুটির মধ্যে কোনটি অধিক গ্রহণযোগ্য বলে তোমার মনে হয়? ৪

১০▸ নিম্নে দুটি প্রকল্পের প্রত্যাশিত আয় ও সম্ভাবনা দেয়া হলো :

| সম্ভাবনা (Pi) | প্রত্যাশিত আয় (%) | |
|---|---|---|
| | প্রকল্প-'ক' | প্রকল্প-'খ' |
| ০.২৫ | –১৫ | ১৫ |
| ০.৩০ | ১০ | ২০ |
| ০.৪৫ | ২৫ | ২৫ |

ক. ব্যবসায়িক ঝুঁকি কী? ১

খ. ঝুঁকি ও আয়ের হারের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্প 'ক' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. প্রকল্পদ্বয়ের তুলনামূলক ঝুঁকির মাত্রা বিবেচনায় কোন প্রকল্পে বিনিয়োগ যুক্তিযুক্ত হবে? ৪

১১▸ কোয়ান্টাম সিকিউরিটিজ পুঁজিবাজারে বিনিয়োগকারী একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির পোর্টফোলিও ম্যানেজার বিনিয়োগের জন্য নিম্নোক্ত দুটি সিকিউরিটিজ চিহ্নিত করেছেন এবং ঝুঁকি ও আয়ের হার সম্পর্কিত নিম্নোক্ত তথ্য উপস্থাপন করেছেন :

| সিকিউরিটিজ | প্রত্যাশিত আয় | আদর্শ বিচ্যুতি | বিটা (β) |
|---|---|---|---|
| A | ১২% | ৮% | ২ |
| B | ১৮% | ১০% | ৩ |

ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১৪%।

ক. পোর্টফোলিও কী? ১

খ. প্রয়োজনীয় আয়ের হারের ওপর বিটার প্রভাব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সিকিউরিটিজ দুটির প্রয়োজনীয় আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. কোয়ান্টাম সিকিউরিটিজের বিনিয়োগ সিদ্ধান্ত কি হওয়া উচিত? ব্যাখ্যা কর। ৪

# দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১ ▸ চৈতি লিমিটেড ১০% সুদে পদ্মা ব্যাংক থেকে ৫০,০০,০০০ টাকা ঋণ নিল এবং একটি নতুন মেশিন ক্রয় করল। ২০১৯-২০ অর্থবছরে কোম্পানি ১০,০০,০০০ টাকা মুনাফা অর্জন করল। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী সমুদয় মুনাফা শেয়ারহোল্ডারদের মধ্যে শেয়ার অনুপাতে বণ্টন করল। কিন্তু ২০২০-২১ অর্থবছরে কাঁচামাল কিনতে গিয়ে কোম্পানি দেখল পর্যাপ্ত নগদ অর্থ নেই।

ক. অর্থায়ন কী? ১
খ. একটি কোম্পানি কীভাবে তার সামাজিক দায়িত্ব পালন করতে পারে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে চৈতি লিমিটেড কর্তৃক নতুন মেশিন ক্রয় অর্থায়নের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে চৈতি লিমিটেড কাঁচামাল ক্রয় করতে গিয়ে যে সমস্যায় পড়েছে অর্থায়নের নীতিমালার আলোকে সেটির কারণ বিশ্লেষণ কর। ৪

২ ▸ বায়েজিদ গার্মেন্টস লিমিটেড ২০২০ সালে ২০,০০,০০০ টাকা বিনিয়োগ করে। উক্ত বিনিয়োগ হতে কোম্পানি ২,০০,০০০ টাকা মুনাফা অর্জন করে। অধিক মুনাফা অর্জনের আশায় কোম্পানি মুনাফার সবটুকু বেক্সি ফার্মার শেয়ারে বিনিয়োগ করেন এবং ক্ষতির সম্মুখীন হন। অন্যদিকে, বায়েজিদ কোম্পানির পরিচালক সরকারকে বেশি কর প্রদান করার উদ্দেশ্যে ব্যয় নিয়ন্ত্রণ করতে চান এবং এজন্য কম মূল্যের কাঁচামাল ক্রয় করেন। কোম্পানির ঊর্ধ্বতন কর্মকর্তাগণ ও শেয়ারহোল্ডারগণ ফার্মের নিট সম্পত্তি বাড়ানোর জন্য সুপারিশ করেন কিন্তু ফার্মের পরিচালক বাজারে পণ্যের চাহিদা বাড়িয়ে মোট বিক্রয়মূল্য বাড়াতে সক্ষম হন।

ক. সরকারি অর্থায়ন কী? ১
খ. চলতি সম্পত্তি ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২
গ. বায়েজিদ লিমিটেড অর্থায়নের কোন নীতি অনুসরণ না করায় ক্ষতির সম্মুখীন হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. বায়েজিদ লিমিটেডের পরিচালক যে লক্ষ্য অর্জন করতে চেয়েছেন তা ব্যবস্থাপনা ও শেয়ার হোল্ডারদের জন্য যথার্থ কিনা? বিশ্লেষণ কর। ৪

৩ ▸ বকুল লিমিটেড একটি কাপড় রংকারী প্রতিষ্ঠান। কাপড় রংকরণে ব্যবহৃত কেমিক্যাল চিত্রা নদীর পানিতে গিয়ে মিশে। প্রতিষ্ঠানটি নদীর পানি, মাটি ও পরিবেশের কথা চিন্তা করে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করে। এজন্য তাদের ১৫ কোটি টাকা প্রয়োজন। প্রতিষ্ঠানটি মূলধন সংগ্রহের জন্য এমন উৎসের কথা বিবেচনা করছে যেখান থেকে কর সুবিধা পাওয়া যাবে এবং মূলধন সরবরাহকারিগণ কোম্পানির প্রকৃত মালিক হতে পারবে না।

ক. সম্পদ সর্বোচ্চকরণ কী? ১
খ. কোন নীতির মাধ্যমে একটি প্রকল্পের সাফল্য অন্য প্রকল্পের ব্যর্থতার সাথে সমন্বয় করা যায়? ব্যাখ্যা কর। ২
গ. বকুল লিমিটেড কোন ধরনের মূলধন সংগ্রহের কথা বিবেচনা করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পের বিনিয়োগটি অর্থায়নের কোন ধারণার সাথে সম্পর্কযুক্ত এবং কেন? মূল্যায়ন কর। ৪

৪ ▸ গ্রীনটেক লি. ১,০০০ টাকা অভিহিত মূল্যের ৫ বছর মেয়াদি বন্ড ৫৫০ টাকায় বিক্রয় করে। জনাব রায়হান গ্রীনটেক লি. এর ১০০টি বন্ডে বিনিয়োগ করেন। তার প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়ন কী? ১
খ. জিরো কুপন বন্ড হতে একজন বিনিয়োগকারী কীভাবে আয় পেয়ে থাকেন? ২
গ. উদ্দীপকে গ্রীনটেক লি. এর বন্ডগুলো কোন ধরনের বন্ড? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বন্ডের অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব রায়হানের বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৫ ▸ ইমন একজন শিক্ষিত যুবক। তার মূলধন বাজার সম্পর্কে মোটামুটি ধারণা আছে। তিনি ১০% কুপন সুদের হারে ১,০০০ টাকা অভিহিত মূল্যের আজীবন মেয়াদি একটি বন্ডে বিনিয়োগ করেছেন। তিনি আরও একটি বন্ডে বিনিয়োগের চিন্তা করছেন। শাপলা লি. বাজারে ৫ বছর মেয়াদি বন্ড ইস্যু করেছে যার অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং কুপন সুদের হার ১২%। বন্ডটির বর্তমান বাজারমূল্য ৮৫০ টাকা। অন্যদিকে স্কয়ার লি. ১০ বছর মেয়াদি জিরো কুপন বন্ড ইস্যু করেছে যার অভিহিত মূল্য ১,০০০ টাকা এবং বাজারমূল্য ৪০০ টাকা। ইমনের প্রত্যাশিত আয়ের হার ১৪%।

ক. জিরো কুপন বন্ড কী? ১
খ. অগ্রাধিকার স্টককে 'হাইব্রিড স্টক' বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ইমন যে বন্ডে বিনিয়োগ করেছে তার মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে ইমনের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বন্ডের মূল্য নির্ণয়পূর্বক মতামত দাও। ৪

৬ ▸ জনাব আল আমিন জুস প্রস্তুতকরণ ব্যবসায়ের জন্য ২০ লক্ষ টাকা প্রয়োজন। তিনি নিজস্ব তহবিল থেকে ১৩ লক্ষ টাকা ও অবশিষ্ট অর্থ কর্মসংস্থান ব্যাংক থেকে ১১% হারে ৩ বছরের জন্য ঋণ গ্রহণ করার সিদ্ধান্ত নেন। কর্মসংস্থান ব্যাংক প্রতি বছরের শুরুতে অথবা শেষে কিস্তি নিয়ে থাকে। জনাব আল আমিন কোন উপায়ে কিস্তি প্রদান করবেন তা নিয়ে চিন্তিত। উল্লেখ্য যে, প্রতি বছরের শেষে কিস্তির পরিমাণ ২,৮৬,৪৮৫ টাকা।

ক. বাট্টাকরণ কী? ১
খ. চক্রবৃদ্ধির সংখ্যা বাড়লে কার্যকরী সুদের হারের ওপর কী প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনাব আল আমিন বছরের শুরুতে কিস্তি প্রদান করলে, বাৎসরিক কিস্তির পরিমাণ কত হবে? নির্ণয় কর। ৩
ঘ. "জনাব আল আমিন প্রতি বছরের শেষে ঋণের কিস্তি পরিশোধ করলে পরিশোধিত সুদের পরিমাণ ক্রমান্বয়ে হ্রাস পাবে"– ঋণ পরিশোধ সূচি প্রস্তুতের ভিত্তিতে মতামত দাও। ৪

৭ ▸ জনাব মামুন সোনালী ব্যাংকে তিন বছর পূর্বে দ্বিগুণ হবার শর্তে ৫০,০০০ টাকা জমা রেখেছিলেন। এ বাবদ বর্তমানে তিনি ১,০০,০০০ টাকা পেয়েছেন। উক্ত টাকা তিনি ১০% সুদে ৫ বছরের জন্য জনতা ব্যাংকে জমা রাখতে চান। তার স্ত্রী উক্ত টাকা দিয়ে জমি ক্রয়ের পরামর্শ দেন যেটির মূল্য আগামী ৫ বছর পর ৬০,০০০ টাকা বৃদ্ধি পাবে।

ক. কার্যকরী সুদের হার কী? ১
খ. অর্থের সময়মূল্য ধারণা কেন ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সোনালী ব্যাংকের সুদের হার নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব মামুনের কোন ক্ষেত্রে বিনিয়োগ করা উচিত হবে বলে তুমি মনে কর? গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৮ ▸ অবন্তী লিমিটেডের নিকট দুটি স্বাধীন বিনিয়োগ প্রকল্প আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১০,০০০ টাকা। প্রকল্প দুটির নিট নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

| প্রকল্প | নিট নগদ আন্তঃপ্রবাহ | | |
|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ |
| প্রকল্প-ক | ৪,০০০ | ৪,০০০ | ৪,০০০ |
| প্রকল্প-খ | ৬,৫০০ | ৪,০০০ | ৩,০০০ |

অবন্তী লি. এর মূলধন ব্যয় ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১
খ. নিট বর্তমান মূল্যের মাধ্যমে কীভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে প্রকল্প-ক এর পে-ব্যাক সময় নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পদ্বয়ের নিট বর্তমান মূল্যের ভিত্তিতে অবন্তী লিমিটেডের বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

৯ ▸ জনাব মাসুম মেঘনা কোম্পানির আর্থিক ব্যবস্থাপক। তার হাতে দুটি স্বাধীন বিনিয়োগ প্রকল্প এবং বিনিয়োগের জন্য ২,৫০,০০০ টাকা রয়েছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,২৫,০০০ টাকা। কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃক নির্ধারিত সর্বোচ্চ পে-ব্যাক সময় ৪ বছর। উভয় প্রকল্পের নিট নগদ আন্তঃপ্রবাহ নিচে দেওয়া হলো :

| প্রকল্প | নিট নগদ আন্তঃপ্রবাহ | | | | |
|---|---|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
| প্রকল্প-ক | ৫২,০০০ | ৪৮,০০০ | ৩২,০০০ | ৪০,০০০ | ২০,০০০ |
| প্রকল্প-খ | ৫৫,০০০ | ৩৫,০০০ | ২০,০০০ | ৩০,০০০ | ১২,০০০ |

জনাব মাসুম প্রকল্প মূল্যায়ন ও বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে পে-ব্যাক সময় ব্যবহার করেন। ক-প্রকল্পের পে-ব্যাক সময় ২.৭৮ বছর। বাট্টার হার ১২%।

ক. IRR কী? ১
খ. মূলধন রেশনিং কেন করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রকল্প-ক এর নিট বর্তমান মূল্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে জনাব মাসুমের বিনিয়োগ সিদ্ধান্ত সুপারিশ কর। ৪

১০ ▸ শ্রাবন্তী লিমিটেডের আর্থিক ব্যবস্থাপক জনাব পরশ বাজার হতে স্টক-A ও স্টক-B সম্পর্কে নিম্নোক্ত তথ্যসমূহ সংগ্রহ করেছেন :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা বিন্যাস | আয়ের হার | |
|---|---|---|---|
| | | স্টক-A | স্টক-B |
| ভালো | ২০% | ২৫% | ২০% |
| স্বাভাবিক | ৫০% | ৩০% | ৪০% |
| খারাপ | ৩০% | ১৫% | ১০% |

ক. ঝুঁকি কী? ১
খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে স্টক-A এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের কোন স্টকটিতে বিনিয়োগ করা অধিক যুক্তিযুক্ত হবে? বিভেদাঙ্ক (CV) নির্ণয়পূর্বক তোমার মতামত দাও। ৪

১১ ▸ মিজান কেমিক্যাল কোম্পানি দুটি স্টকের যেকোনো একটিতে বিনিয়োগ করতে চান। অর্থনৈতিক অবস্থা ও সম্ভাবনার পরিমাণ নিচে দেওয়া হলো :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা বিন্যাস | আয়ের হার | |
|---|---|---|---|
| | | স্টক-A | স্টক-B |
| তেজি অবস্থা | ০.৪০ | ১২% | ১৬% |
| মন্দা অবস্থা | ০.৩০ | ১০% | –৫% |
| স্বাভাবিক অবস্থা | ০.৩০ | ১১% | ১৪% |

স্টক-A এর প্রত্যাশিত আয়ের হার ১১.১% এবং স্টক-B এর প্রত্যাশিত আয়ের হার ৯.১%। অন্যদিকে ফিনিক্স কোম্পানির বিটার মান ১.৮। বাজার আয়ের হার ১৫% এবং ট্রেজারি বিলের আয়ের হার ৬%।

ক. আর্থিক ঝুঁকি কী? ১
খ. বাজার ঝুঁকিকে পরিহার করা যায় না কেন? ব্যাখ্যা কর। ২
গ. ফিনিক্স কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩
ঘ. মিজান কেমিক্যালের কোন স্টকে বিনিয়োগ করা উচিত? গাণিতিক যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

# ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 9 2

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও।]

১▶ জনাব আকাশ এবং জনাব সৈকত দু'জন পাইকারি বিক্রেতা। জনাব আকাশ শুধু বইয়ের ব্যবসায় করেন। অন্যদিকে জনাব সৈকত বইয়ের পাশাপাশি মোবাইল ফোনের ব্যবসায় করেন। কেননা সৈকত মনে করেন কোনো একটি ব্যবসায় ক্ষতি হলে অন্যটি থেকে মুনাফা অর্জন করা যাবে। জনাব আকাশ অধিক মুনাফার প্রত্যাশায় সর্বদা নগদ অর্থ হাতে কম রেখে বেশি বিনিয়োগ করেন।

ক. অর্থায়ন কী? ১

খ. তারল্য বলতে কী বোঝায়? ২

গ. জনাব সৈকত অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আকাশের অধিক অর্থ বিনিয়োগ তার ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? বিশ্লেষণ কর। ৪

২▶ আহাদ এবং আবীদ দু'জন ঘনিষ্ঠ বন্ধু। তারা উভয়েই তাদের জমানো টাকা দিয়ে ব্যবসায় করার সিদ্ধান্ত নিল। আহাদ তার পুঁজি দিয়ে প্রতিমণ ১,০০০ টাকা দরে ১,০০০ মণ ধান ক্রয় করে মজুদ করল। অন্যদিকে আবীদ তার পুঁজি দিয়ে প্রতিমণ ১,৫০০ টাকা দরে ৫০০ মণ সরিষা এবং ১,০০০ টাকা দরে ৫০০ মণ ধান ক্রয় করে মজুদ করল। পরবর্তীতে ধানের দাম কমে যাওয়ায় আহাদ ব্যবসায়ে ক্ষতিগ্রস্ত হয়। কিন্তু সরিষার দাম বৃদ্ধি পাওয়ায় আবীদ ব্যবসায়ে মুনাফা অর্জনে সক্ষম হয়।

ক. স্বল্পমেয়াদি অর্থায়ন কী? ১

খ. পোর্টফোলিও বলতে কী বোঝায়? ২

গ. আহাদ ব্যবসায়ে কেন ক্ষতিগ্রস্ত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবীদের ব্যবসায়ে সফলতার কারণ বিশ্লেষণ কর। ৪

৩▶ মি. রাগীব একটি গাড়ি ক্রয় করতে চান। যার ক্রয়মূল্য বাবদ উত্তরা মোটরস কোম্পানিকে আগামী চার বছর যথাক্রমে ৪০,০০,০০০ টাকা, ২০,০০,০০০ টাকা, ১০,০০,০০০ এবং ৩০,০০,০০০ টাকা অথবা প্রতি বছর ১০,০০,০০০ টাকা করে আগামী ১২ বছর পরিশোধ করতে হবে। মি. রাগীবের প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. বার্ষিক বৃত্তি কী? ১

খ. ভবিষ্যৎ মূল্য বলতে কী বোঝ? ২

গ. মি. রাগীবের চার বছর মেয়াদি প্রকল্পের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. মি. রাগীব কীভাবে গাড়ি ক্রয় করলে লাভবান হবেন? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪▶ জনাব আদনান একটি সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ছিলেন। তিনি চাকরি থেকে অবসর গ্রহণের পূর্বেই মৃত্যুবরণ করেন। তার স্ত্রী মিসেস তানিয়া স্বামীর গ্রাচ্যুইটির ২০,০০,০০০ টাকা পেলেন। উক্ত টাকা তিনি একটি ব্যাংকে ৫ বছরের জন্য জমা রাখার সিদ্ধান্ত নেন। তার কাছে দু'টি বিকল্প প্রস্তাব রয়েছে। যমুনা ব্যাংক তাকে ১২% বার্ষিক চক্রবৃদ্ধি সুদ দিবে। অন্যদিকে 'সুরমা ব্যাংক' তাকে ১০% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ দিবে।

ক. চক্রবৃদ্ধি কী? ১

খ. বার্ষিক বৃত্তি বলতে কী বোঝ? ২

গ. মেয়াদ শেষে মিসেস তানিয়া 'যমুনা ব্যাংক' থেকে কত টাকা পাবেন? তা নির্ণয় কর। ৩

ঘ. মিসেস তানিয়ার জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক হবে? বিশ্লেষণ কর। ৪

৫▶ তামিম 'সোনার বাংলা ব্যাংক' লিমিটেড থেকে ২,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেছে। তাকে বার্ষিক ১০% সুদসহ সমান ৫টি কিস্তিতে উক্ত টাকা পরিশোধ করতে হবে।

ক. 'বিধি ৬৯' কী? ১

খ. সাধারণ অ্যানুইটির ভবিষ্যৎ মূল্য কীভাবে নির্ণয় করা হয়? ২

গ. জনাব তামিমকে প্রতি কিস্তিতে কত টাকা পরিশোধ করতে হবে? নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্য থেকে একটি ঋণ পরিশোধ তালিকা প্রস্তুত কর। ৪

৬▶ XYZ কোম্পানির ২৫,০০,০০০ টাকার দীর্ঘমেয়াদি মূলধনের প্রয়োজন হওয়ায় ১২% কুপন সুদের হারে ৫,০০০ টাকা অভিহিত মূল্যের ৫০০টি বন্ড ১০ বছরের জন্য বিক্রয়ের সিদ্ধান্ত নেয়। উল্লেখ্য, বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয়ের হার ১৪%। অন্যদিকে বাজারে সুদের হার হ্রাস পাওয়ায় অনেক বেশি বিনিয়োগকারী বন্ড কেনার জন্য ব্যস্ত হয়ে পড়লেন।

ক. কুপন রেট কী? ১

খ. কখন বন্ডের বাজারমূল্য অভিহিত মূল্যের সমান হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে XYZ কোম্পানির বন্ডের বর্তমান মূল্য নির্ণয় কর। ৩

ঘ. বাজারে সুদের হার হ্রাস পেলে কোম্পানির বন্ডের বিক্রয়মূল্যের ওপর কী ধরনের প্রভাব পড়বে? তোমার মতামত দাও। ৪

৭▶ জনাব আব্দুর রহমান তার ব্যাংকে সঞ্চয়কৃত অর্থ বিনিয়োগ করতে চাইলেন। তিনি বন্ড বাজার অনুসন্ধান করে ১০০ টাকা অভিহিত মূল্যের দুটি বন্ড দেখতে পেলেন। বন্ড দু'টির তথ্য নিম্নরূপ :

| বন্ড | কুপন সুদের হার | বাজারমূল্য (টাকা) | মেয়াদ |
|---|---|---|---|
| X | ১০% | ১১০ | ৮ বছর |
| Y | ৮% | ৭০ | — |

উল্লেখ্য, জনাব আব্দুর রহমানের প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক. YTM-এর পূর্ণরূপ লেখ। ১

খ. ইল্ড টু কল (YTC) বলতে কী বোঝ? ২

গ. X বন্ডের মেয়াদপূর্তিতে আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. অন্তর্নিহিত মূল্যের ভিত্তিতে জনাব আব্দুর রহমানের কোন বন্ডে বিনিয়োগ করা উচিত? বিশ্লেষণ কর। ৪

৮▶ পূর্ণিমা কোম্পানি একটি নতুন প্রকল্পে বিনিয়োগের চিন্তা করছে। এই প্রকল্প বাস্তবায়নে ২,৫০,০০০ টাকা ব্যয়ে একটি মেশিন সংগ্রহ করা হবে। মেশিনটির আনুমানিক আয়ুষ্কাল ৫ বছর এবং এর কোনো অবশিষ্ট মূল্য থাকবে না। কোম্পানির কর হার ৫৫%। কোম্পানির ৫ বছরের করপূর্ব নগদ প্রবাহ নিম্নরূপ :

| বছর | করপূর্ব নগদ প্রবাহ (টাকা) |
|---|---|
| ১ | ৫০,০০০ |
| ২ | ৫৫,০০০ |
| ৩ | ৭০,০০০ |
| ৪ | ৭৫,০০০ |
| ৫ | ১,২৫,০০০ |

ক. নিট বর্তমান মূল্য কী? ১

খ. আন্তঃআয় হার কীভাবে নির্ণয় করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. প্রকল্পটির পরিশোধ সময়কাল (PBP) কত? ৩

ঘ. মূলধন ব্যয় ১২% হলে প্রকল্পটির নিট বর্তমান মূল্য এবং গড় উপার্জন হার (ARR) নির্ণয় কর। ৪

৯▶ মুন কোম্পানি লিমিটেড চার বছর মেয়াদি একটি প্রকল্পে বিনিয়োগ সিদ্ধান্ত নিতে চায়। যেখানে প্রাথমিক বিনিয়োগের পরিমাণ হবে ২,০০,০০০ টাকা এবং নগদ আন্তঃপ্রবাহসমূহ যথাক্রমে ৬০,০০০, ৭০,০০০, ৮০,০০০ এবং ৭৬,০০০ টাকা। বাট্টার হার ১০%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. "মূলধন বাজেটিং প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি করে"— ব্যাখ্যা কর। ২

গ. কোম্পানির নিট বর্তমান মূল্য (NPV) নির্ণয় কর। ৩

ঘ. অভ্যন্তরীণ আয়ের হারের (IRR) ভিত্তিতে মুন কোম্পানির বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

১০▶ জনাব আব্দুস সালাম বিনিয়োগ করার জন্য নিচের দু'টি সিকিউরিটির তথ্য বিবেচনা করছেন :

| সম্ভাবনা | প্রত্যাশিত আয় | |
|---|---|---|
| | সিকিউরিটি-X | সিকিউরিটি-Y |
| ০.২০ | ১৫% | ১২.৫% |
| ০.১০ | ১০% | ১৭.৫% |
| ০.২০ | ৯% | ১৬.০% |

ক. পোর্টফোলিও কী? ১

খ. আয় ও ঝুঁকির মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২

গ. সিকিউরিটি-X এর আদর্শ বিচ্যুতি নির্ণয় কর। ৩

ঘ. "সিকিউরিটি-Y অধিক ঝুঁকিপূর্ণ"— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

১১▶ কর্ণফুলী লিমিটেড ৩,০০,০০০ টাকা 'X' কোম্পানির শেয়ার এবং ২,০০,০০০ টাকা 'Y' কোম্পানির শেয়ারে বিনিয়োগ করলেন। বিভিন্ন অর্থনৈতিক অবস্থায় শেয়ার দু'টির আয়ের হার নিম্নরূপ :

| অর্থনৈতিক অবস্থা | সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|---|
| | | X-কোম্পানি | Y-কোম্পানি |
| মন্দা অবস্থা | ০.৩০ | ১৩% | ১০% |
| স্বাভাবিক অবস্থা | ০.৪০ | ১২% | ১১% |
| তেজি অবস্থা | ০.৩০ | ১৬% | ১৫% |

ক. CAPM কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ব্যাখ্যা কর। ২

গ. 'X' ও 'Y' কোম্পানির প্রত্যাশিত আয়ের হার নির্ণয় কর। ৩

ঘ. কর্ণফুলী লিমিটেডের প্রত্যাশিত আয়ের হার ১২% হলে পোর্টফোলিও বিনিয়োগের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪